(vi) বাস্তব গ্যাসের জন্য অভ্যন্তরীণ শক্তি: $\left(\frac{\delta E}{\delta V}\right)_T \neq 0$ অথবা, $\left(\frac{U}{V}\right)_T \neq 0$; অভ্যন্তরীণ শক্তি আয়তনের উপর নির্ভরশীল।

○ বাস্তব গ্যাসের ভ্যান্ডার ওয়ালস সমীকরণ: $\left(P + \frac{n^2 a}{V^2}\right)(V - nb) = nRT$

এখানে, a ও b দুটি ভ্যান্ডার ওয়ালস ধ্রুবক; যার a = আন্তঃআণবিক আকর্ষণ এবং b = আয়তন সংশোধক ধ্রুবক।

ENGINEERING QUESTION

01. কোন আণবিক গুণটি আদর্শ গ্যাস থেকে যথেষ্ট বিচ্যুতি ঘটায়?
 A. উচ্চ আণবিক গতি
 B. ক্ষুদ্রতর আণবিক ওজন
 C. বৃহৎ আণবিক আয়তন
 D. দুর্বল আন্তঃআণবিক আকর্ষণ
- [KUET.2013-2014, BUET:2005-2006]
Ans A Analysis উচ্চ আণবিক গতির কারণে আদর্শ গ্যাসের যথেষ্ট বিচ্যুতি ঘটে।

MAT, DAT & AFMC QUESTION

01. নিচের কোনটি অদাহ্য গ্যাস?
 A. F₂ B. H₂ C. N₂ D. CH₄
- [AFMC. 2020-21]
Ans C Analysis আর্গন, হিলিয়াম, নাইট্রোজেন, নিয়ন প্রভৃতি অদাহ্য গ্যাস।
02. নির্দিষ্ট ওজনের একটি আদর্শ গ্যাসের ক্ষমতা নির্ভর করে তার কোন বৈশিষ্ট্যের উপর?
 A. আয়তন B. তাপমাত্রা C. ঘনত্ব D. চাপ
- [MAT.2018-19,14-15]
Ans B Analysis আদর্শ গ্যাসের গতিশক্তি বা ক্ষমতা = $\frac{3}{2} RT$; এখানে, $\frac{3}{2} R =$ ধ্রুবক।

- ∴ নির্দিষ্ট ওজনের আদর্শ গ্যাসের ক্ষমতা পরম তাপমাত্রা (T) এর উপর নির্ভর করে।
03. অ্যারোপ্লেনে জ্বালানি হিসেবে কী ব্যবহৃত হয়?
 A. অকটেন B. পেট্রোল C. গ্যাসোলিন D. অকটেন
- [DAT. 2016-17]
Ans C Analysis অ্যারোপ্লেনে জ্বালানি হিসেবে গ্যাসোলিন ব্যবহৃত হয়।

04. আদর্শ ও বাস্তব গ্যাস সংক্রান্ত নিম্নের কোন তথ্যটি ভুল?
 A. N₂, O₂ আদর্শ গ্যাস B. H₂, CO₂ বাস্তব গ্যাস
 C. PV = nRT সমীকরণটি আদর্শ গ্যাস পুরোপুরি অনুসরণ করে।
 D. PV = nRT সমীকরণটি বাস্তব গ্যাস পুরোপুরি অনুসরণ করে না।
- [MAT: 2008-09]
Ans A Analysis বাস্তবে কোন আদর্শ গ্যাস নেই। সুতরাং প্রশ্নের উত্তরে আদর্শ গ্যাস উল্লেখ থাকলে তা বোকা বানানোর অপপ্রয়াস ছাড়া আর কিছুই নয়।

05. গ্যাসের গতিতত্ত্ব অনুযায়ী অন্যতম স্বীকার্য হলো অণুগুলির মধ্যে সংঘর্ষগুলি-
 A. আংশিক স্থিতিস্থাপক B. সম্পূর্ণ অস্থিতিস্থাপক
 C. গ্যাসের গতিতত্ত্ব হতে চার্লসের সূত্র পাওয়া যায় না
 D. সম্পূর্ণ স্থিতিস্থাপক
- [MAT: 2000-01]
Ans D Analysis i. অণু ও গ্যাসাধারের দেওয়ালের মধ্যে কোন আকর্ষণ বা বিকর্ষণ বল নেই।
 ii. যে কোন দৃষ্টি অণুর সংঘর্ষের মধ্যবর্তী পথ সরলরৈখিক।
 iii. সংঘর্ষসমূহ স্থিতিস্থাপক।

HSC BOARD QUESTION

01. অ্যামাগা লেখচিত্রে কোনটি অধিক ঋণাত্মক বিচ্যুতি দেখায়?
 A. H₂ B. NH₃
 C. He D. CO₂
- [গ. বো. ২০২৩]
Ans B

CONCEPT


05

ব্যাপন, অনুব্যাপন এবং গ্যাস তরলীকরণ

ITEM-01 ব্যাপন ও অনুব্যাপনের তুলনামূলক রসায়ন:

বৈশিষ্ট্য	ব্যাপন	অনুব্যাপন
সূত্র	উচ্চ ঘনত্বের স্থান থেকে নিম্ন ঘনত্বের স্থানে কোন কঠিন, তরল বা গ্যাসীয় পদার্থের স্বতঃস্ফূর্ত ও সমভাবে পরিব্যাপ্ত হওয়ার প্রক্রিয়াকে ব্যাপন বলে।	বাহ্যিক উচ্চ চাপের প্রভাবে পাত্রের সরু ছিদ্রপথে কোন গ্যাসের সজোরে একমুখী বের হওয়াকে নিঃসরণ বলে।
উদাহরণ	ফুলের সুগন্ধ ও H ₂ S গ্যাসের দুর্গন্ধ বাতাসে ব্যাপন প্রক্রিয়ায় ছড়িয়ে পড়ে।	গাড়ীর চাকার টিউবের ছিদ্র পথের নিঃসরণ প্রক্রিয়ায় বাতাস বের হয়ে পড়ে।
গতি বা কারণ	পদার্থের কণা বা অণুসমূহের স্বতঃস্ফূর্ত চলাচলের কারণে ব্যাপন প্রক্রিয়া ঘটে।	গ্যাস পাত্রের ও বাইরে চাপের পার্থক্যের কারণে নিঃসরণ প্রক্রিয়া ঘটে।
প্রক্রিয়ার প্রকৃতি	ব্যাপন হল সাধারণত সমবায়ুচাপে অণুসমূহের স্বতঃস্ফূর্ত মন্থর প্রক্রিয়া	নিঃসরণ হল অধিক চাপের প্রভাবে গ্যাসীয় দ্রুত প্রক্রিয়া
বায়ু চাপ	ব্যাপনের বেলায় গ্যাস পাত্রের ভেতর ও বাইরে একই বায়ু চাপ থাকে।	নিঃসরণের বেলায় গ্যাস পাত্রের ভেতর অধিক চাপ ও বাইরে কম চাপ বা ভ্যাকুয়াম অবস্থা থাকে।

□ নিম্নের উদ্দীপকটি পড় এবং পরবর্তী দুইটি প্রশ্নের উত্তর দাও:



Y-গ্যাসের পরমাণুটির সর্বশেষ শক্তিস্তরের ইলেকট্রন বিন্যাস ns^2np^4 , যেখানে $n = 2$

02. STP তে 0.25 mol Y গ্যাসের অণুর ভর কত? [রা. বো. ২০২৩]
 A. 3.5 g B. 7g C. 8g D. 16g **Ans C**
03. উদ্দীপকের X গ্যাস-
 i. এর শ্রেণণ গুণাংক $z = 1$
 ii. $PV = nRT$ সূত্র মেনে চলে
 iii. এর অণুসমূহের মধ্যে আকর্ষণ বল বিদ্যমান
 কোনটি সঠিক? [রা. বো. ২০২৩]
 A. i ও ii B. i ও iii C. ii ও iii D. i, ii ও iii **Ans A**

04. নিচের কোন গ্যাসটি আদর্শ আচরণ থেকে কম বিচ্যুতি দেখায়?
 A. He B. H₂ C. CO₂ D. N₂ [রা. বো. ২০২৩]
Ans B

05. আদর্শ গ্যাসের ক্ষেত্রে- [রা. বো. ২০২৩, গ. বো. ২০২২]
 i. $PV = nRT$ ii. $\left(\frac{\partial u}{\partial v}\right)_T = 0$ iii. STP তে মোলার আয়তন 22.414 L
 নিচের কোনটি সঠিক?
 A. i ও ii B. i ও iii
 C. ii ও iii D. i, ii ও iii **Ans D**

06. নিম্নের কোন তাপমাত্রায় গ্যাসের আয়তন শূন্য হবে? [রা. বো. ২০২১]
 A. 0°C B. -273°C
 C. 272K D. 25°C **Ans B**

07. ড্যান্ডার ওয়ালস সমীকরণের ধ্রুবক 'a' দ্বারা কী বোঝায়? [রা. বো. ২০১৬]
 A. গ্যাসের গতিশক্তি B. আন্তঃআণবিক আকর্ষণ
 C. গ্যাসের আয়তন D. আন্তঃআণবিক বিকর্ষণ **Ans B**

08. কোন শর্তে একটি বাস্তব গ্যাস আদর্শ গ্যাসের মতো আচরণ করে? [রা. বো. ২০১৬]
 A. উচ্চ তাপমাত্রা ও নিম্ন চাপে B. উচ্চ তাপমাত্রা ও উচ্চ চাপে
 C. নিম্ন তাপমাত্রা ও উচ্চ চাপে D. নিম্ন তাপমাত্রা ও নিম্ন চাপে **Ans A**

09. আদর্শ গ্যাসের সংকোচনশীলতা গুণক, Z এর মান কোনটি? [রা. বো. ২০১৬]
 A. 3.0 B. 2.0
 C. 1.0 D. 0.5 **Ans C**

10. নিচের কোন গ্যাসটির সংকোচনশীলতা গুণক, Z > 1 হয়? [রা. বো. ২০১৬]
 A. H₂ B. Cl₂
 C. CO₂ D. NH₃ **Ans A**

- ব্যাপন ও অনুব্যাপনের কয়েকটি বিশেষণী দৃষ্টান্ত: সূত্র অনুসারে, আণবিক ভর ব্যাপন বা অনুব্যাপন হারের ব্যস্তানুপাতিক অর্থাৎ আণবিক ভর যত বাড়বে ব্যাপন হার তত কমবে। আণবিক ভর সমান হলে ব্যাপন হার সমান হবে। অর্থাৎ $r \propto \frac{1}{\sqrt{M}}$

Model EXAMPLE CO₂, SO₂, N₂, O₂ এর মধ্যে কার ব্যাপন হার সর্বনিম্ন?

Solve CO₂, SO₂, N₂, O₂ এর আণবিক ভর যথাক্রমে 44, 64, 28, 32 অর্থাৎ সালফার ডাই অক্সাইডের আণবিক ভর সর্বোচ্চ বলে এর ব্যাপন হার সর্বনিম্ন।

Model EXAMPLE CO₂, SO₂, N₂O, O₂ এর মধ্যে কাদের ব্যাপন হার সমান?

Solve CO₂, SO₂, N₂O, O₂ এর আণবিক ভর যথাক্রমে 44, 64, 44, 32 অর্থাৎ CO₂ ও N₂O এর আণবিক ভর সমান বলে ব্যাপন হার সমান।

- ☞ জেনে রাখা ভাল:
- ব্যাপন ও অনুব্যাপনের গাণিতিক সমীকরণ একই এবং এদের মধ্যে মৌলিক কোন পার্থক্য নেই।
 - পরীক্ষাগারে ব্যাপন হারের তুলনায় নিঃসরণ হার নির্ণয় অধিক সুবিধাজনক
 - আণবিক ভর নির্ণয়ে ব্যাপন অপেক্ষা অনুব্যাপন প্রণালীর প্রয়োগবেশি ও ব্যাপকতর।

- ব্যাপনের সূত্রের উচ্চতর ব্যবহারিক প্রয়োগ:

- ব্যাপন প্রক্রিয়ার মাধ্যমে গ্যাস-মিশ্রণ থেকে কোনো একটি গ্যাস পৃথক করাকে এটমোলাইসিস বলা হয়।
- কয়লা খনিতে মিথেন গ্যাসের উপস্থিতি নির্ণয়ে ব্যবহৃত সতর্কতাজ্ঞাপক যন্ত্রে CH₄ গ্যাসের ব্যাপন ধর্ম প্রয়োগ করা হয়।
- ²³⁵U দ্বারা পারমাণবিক বোমা তৈরি করা হয় যা হিরোশিমার উপর নিক্ষেপিত হয়। প্রকৃতিতে ইউরেনিয়ামের আইসোটোপ ²³⁵U 0.7% এবং ²³⁸U 99.3% বিদ্যমান।
- অবহায় থাকে। তবে পারমাণবিক চুল্লীতে জ্বালানি হিসেবে ²³⁵U এর ব্যবহার দেখা যায়। ²³⁵UF₆ এর ব্যাপনের হার ²³⁸UF₆ এর চেয়ে 1.004288 গুণ বেশি।
- খনিতে CH₄ গ্যাসের উপস্থিতি নির্ণয়ের জন্য গ্যাসের ব্যাপন ধর্মকে প্রয়োগ করা হয়।

ITEM-02 গ্যাস তরলীকরণ :

তরলীকরণের শর্ত	♦ প্রাকৃতিক গ্যাস CH ₄ কে তরলীকরণের মতো যে কোন গ্যাসকে তরলে রূপান্তর করতে হলে দুটি শর্ত প্রয়োগ করতে হয়। যথা- i. প্রথমত গ্যাসটির তাপমাত্রা হ্রাস করে এর সংকট তাপমাত্রা বা ক্রান্তি বা সন্ধি তাপমাত্রার (Critical temperature) নিচে আনতে হয়। ii. দ্বিতীয়ত গ্যাসকে ক্রান্তি বা সন্ধি তাপমাত্রার নিচে রেখে গ্যাসটির তরলীকরণের উপযুক্ত চাপ প্রয়োগ করতে হয়। এ প্রযুক্ত চাপে ঐ গ্যাসের ক্রান্তি বা সন্ধি চাপ বলে।
গ্যাসের ক্রান্তি বা সন্ধি তাপমাত্রা	♦ যে তাপমাত্রার ওপরে গ্যাসটি থাকলে তখন এর ওপরে যতো চাপ প্রয়োগ করা হোক না কেন, একে তরলে রূপান্তর করা যায় না। তাপমাত্রাকে উচ্চ গ্যাসের ক্রান্তি বা সন্ধি বা সংকট তাপমাত্রা বলে।
গ্যাসের ক্রান্তি বা সন্ধি চাপ	♦ কোনো গ্যাসকে ক্রান্তি বা সন্ধি তাপমাত্রায় রেখে গ্যাসটির ওপরে সর্বনিম্ন যে পরিমাণ চাপ প্রয়োগ করে গ্যাসটিকে তরলে পরিণত করা যায়, ঐ চাপকে ঐ গ্যাসের ক্রান্তি বা সন্ধি চাপ বলে।
জুল-থমসন প্রভাব	♦ বিজ্ঞানী জুল ও থমসন পরীক্ষা করে দেখেন যে উচ্চ চাপে আবদ্ধ পাত্রের গ্যাসকে যখন সচ্ছিন্ন প্রাণ বা ছিপির মধ্য দিয়ে হঠাৎ নিম্নচাপে বিশিষ্ট বিরাট স্থানে প্রসারিত হতে দেয়া হয় তখন গ্যাসের তাপমাত্রা হ্রাস ঘটে। তাকে জুল-থমসন প্রভাব বলে।
বায়ুর তরলীকরণ	♦ বাণিজ্যিকভাবে বায়ুর তরলীকরণ জুল-থমসন প্রভাব প্রক্রিয়ায় করা হয়। ♦ -200°C তাপমাত্রায় এবং প্রায় 200atm চাপে বায়ুকে তরলীভূত করা হয়।
উৎক্রম তাপমাত্রা	♦ যে তাপমাত্রার ওপরে জুল-থমসন সম্প্রসারণে গ্যাসের তাপমাত্রা হ্রাসের পরিবর্তে বৃদ্ধি হওয়াকে ঐ গ্যাসের উৎক্রম তাপমাত্রা (inversion temperature) বলা হয়। ♦ গ্যাসের উৎক্রম তাপমাত্রা হলো এমন একটি তাপমাত্রা যা অপেক্ষা নিম্ন তাপমাত্রায় গ্যাসটির রুদ্ধতাপীয় সম্প্রসারণ ঘটলে তা শীতল হয়ে থাকে। ♦ H ₂ এর উৎক্রম তাপমাত্রা হলো - 80°C এর হিলিয়ামের উৎক্রম তাপমাত্রা -240°C. ♦ হাইড্রোজেন ও হিলিয়াম গ্যাস তরলীকরণ সবচেয়ে কঠিন।

- তাপমাত্রা হ্রাস ও চাপ বৃদ্ধি করে গ্যাস তরলীকরণ করা হয়। গ্যাস তরলীকরণ পদ্ধতি- ৫টি প্রচলিত পদ্ধতি রয়েছে। যথা-

♦ হিমমিশ্রণ প্রয়োগ, ♦ জুল থমসন প্রভাব, ♦ লিভে পদ্ধতি, ♦ ক্রুড পদ্ধতি ♦ উদ্বায়ী তরলকে বাষ্পীকরণ

- জুল থমসন প্রভাবের কার্য পদ্ধতি:



➤ এভাবে কয়েকবার এই পদ্ধতি অবলম্বন করলে গ্যাস সন্ধি তাপমাত্রায় পৌঁছে তরলে পরিণত হয়।

- তরলীকরণের উপায়: ○ গ্যাসের তাপমাত্রা হ্রাস করে।
○ গ্যাসের উপর চাপ প্রয়োগ করে।
- তরল গ্যাসের ব্যবহার: ○ নিম্ন তাপমাত্রা উৎপাদনের জন্য তরল গ্যাস ব্যাপকভাবে ব্যবহৃত হয়। যেমন: তরল হাইড্রোজেন, তরল হিলিয়াম ইত্যাদি।
○ হিমকারক হিসেবে তরল অ্যামোনিয়া, SO₂ ও CO₂ ব্যবহৃত হয়।
- হিমমিশ্রণের তাপমাত্রা: হিমমিশ্রণ পদ্ধতিতে যে গ্যাস গুলোকে তরলীভূত করা যায় : SO₂, H₂S, NH₃, C₂H₄, PH₃


DU QUESTION

ANALYSIS OF PREVIOUS YEAR QUESTIONS

উদ্ভিদ মূলের সাহায্যে ইউরিয়া সার কী অবস্থায় শোষণ করে? [DU-Ka.2016-17]

- A. H_2NCONH_2
B. NH_4OH
C. NO_3^- salt
D. NO_2^- salt

Ans C Analysis বজ্রপাতের মাধ্যমে নাইট্রোজেন ফিক্সেশন বিক্রিয়া:




উৎপন্ন HNO_3 মাটির ক্ষারকীয় CaO , $CaCO_3$ এর সাথে দ্রবণীয় NO_3^- লবণ হিসেবে মাটিতে মিশে যায়। উদ্ভিদ মূলের সাহায্যে ইউরিয়া সারকে নাইট্রেট লবণ ও নাইট্রোজেন সার হিসেবে গ্রহণ করে।

সরাসরি ব্যাকটেরিয়ার মাধ্যমে বিভিন্ন সিমবায়োটিক ব্যাকটেরিয়ার (মটর, শিম, ছোলা উদ্ভিদে) মাধ্যমে নাইট্রোজেন ফিক্সেশন ঘটে।

ইউরিয়া সার তৈরিতে প্রাকৃতিক গ্যাস যেভাবে ব্যবহৃত হয় [DU-Ka. 2014-15]

- A. As a fuel
B. For synthesis of NH_3
C. NH_4^+
D. CH_4

Ans B Analysis ইউরিয়া সার তৈরির সময় প্রাকৃতিক গ্যাস হতে H_2 উৎপন্ন হয় এবং ব্যয়কে $-196^\circ C$ তাপমাত্রায় পাতন করলে N_2 পৃথক হয়। উৎপন্ন N_2 ও H_2 গ্যাস 1:3 অনুপাতে $200atm$ চাপে $550^\circ C$ তাপমাত্রায় হেবার পদ্ধতিতে NH_3 তে পরিণত হয়।



JU QUESTION

সার ও বিস্ফোরক তৈরিতে ব্যবহৃত এসিড কোনটি? [JU-D, Set-C. 2020-21]

- A. নাইট্রিক এসিড
B. সালফিউরিক এসিড
C. ফসফরিক এসিড
D. হাইড্রোক্লোরিক এসিড

Ans A

উদ্ভিদে N_2 শোষিত হয়ে কোন অবস্থায়? [JU-D: 2019-20]

- A. NO_3^-
B. NO_2^-
C. NH_4^+
D. সবকয়টি

Ans A


অ্যানোনিয়া থেকে নাইট্রাইট তৎপরবর্তী নাইট্রেটের রূপান্তরকে বলা হয়- [JU-D. 2019-20]

- A. নাইট্রিফিকেশন
B. এমোনিফিকেশন
C. এসিমিলেশন
D. ডিনাইট্রিফিকেশন

Ans A

N_2 থেকে নাইট্রোজেনাস কমপাউন্ডে রূপান্তর হল- [JU-D, Set-A. 2019-20]

- A. N_2 অ্যাসিমিলেশন B. N_2 ফিক্সেশন C. ডিনাইট্রিফিকেশন D. নাইট্রিফিকেশন



নাইট্রিফিকেশন: $NH_3 \rightarrow NO_2^- \rightarrow NO_3^-$
ডিনাইট্রিফিকেশন: $NO_3^- \rightarrow NO_2^- \rightarrow NO \rightarrow N_2O \rightarrow N_2$

কোনটি সবুজ উদ্ভিদের জন্য N_2 এর প্রধান উৎস? [JU-D, Set-Q. 2019-20]

- A. বায়ুস্থ নাইট্রোজেন
B. নাইট্রেট
C. এমোনিয়াম লবণ
D. কোনটিই নয়

Ans A Analysis বায়ুস্থ নাইট্রোজেন মাটিতে মিশে যা নাইট্রেট লবণের মাধ্যমে অধিকাংশ সবুজ উদ্ভিদ নাইট্রোজেন গ্রহণ করে। লিগুমিনাস জাতীয় (মটর, শিম, ছোলা) উদ্ভিদ সরাসরি নাইট্রোজেন গ্রহণ করে। তাই বলা যায় নাইট্রেটই নাইট্রোজেনের প্রধান উৎস কিন্তু নাইট্রেট আসে বায়ুস্থ নাইট্রোজেন থেকে।

কোনটি প্রভাবে উদ্ভিদের সালোকসংশ্লেষণ প্রক্রিয়া বাধা প্রদায়? [JU-As.2017-18]

- A. CO_2
B. SO_2
C. NO_2
D. SiO_2

Ans B Analysis বায়ুতে SO_2 বেশি হলে উদ্ভিদকোষ ধ্বংস হয়ে পাতা শুকিয়ে যায়। সবুজ ক্লোরোফিল নষ্ট হয়ে যায় একে ক্লোরোসিস বলা হয়। ক্লোরোসিসের ফলে উদ্ভিদের সালোকসংশ্লেষণ প্রক্রিয়া বাধা গ্রহণ করে।

HNO_3 উৎপাদনে নিচের কোনটি প্রভাবক হিসাবে কাজ করে? [JU.2014-15; RU. 2007-08]

- A. Ni
B. Pt
C. Mo
D. Fe

Ans B

08. $N_2 + O_2 \xrightarrow{\text{বিদ্যুৎকরণ}} 2NO$; বিক্রিয়ায় কত তাপমাত্রা ব্যবহৃত হয়? [JU.2014-15]

A. $300^\circ C$
B. $3000^\circ C$
C. $3500^\circ C$
D. $3800^\circ C$

Ans B

CU QUESTION

01. হেবার প্রণালিতে কত চাপ প্রয়োগ করা হয়? [CU. 2014-2015]

- A. 100atm
B. 150atm
C. 200atm
D. 240atm


Ans C Analysis বিতন্ধ N_2 ও H_2 কে 1:3 অনুপাতে মিশ্রিত করে 200atm চাপ প্রয়োগ করে প্রভাবক আয়রন চূর্ণ ও প্রভাবক সহায়ক Mo এর উপস্থিতিতে $550^\circ C$ তাপমাত্রায় উত্তপ্ত করলে N_2 ও H_2 বিক্রিয়া করে NH_3 উৎপন্ন হয়।

GST QUESTION (GENERAL)

01. বজ্রপাতের সময় বৃষ্টির ফলে মাটিতে কোন মূলকের পরিমাণ বৃদ্ধি পায়? [GST .Set-2. 2021-22, KU. 19-20]

- A. SO_4^{2-}
B. Cl^-
C. NO_3^-
D. OH^-

Ans C Analysis বজ্রপাতের সময় নাইট্রোজেন ফিক্সেশনে মাটিতে $Ca(NO_3)_2$ তৈরি হয়। ফলে NO_3^- এর পরিমাণ বাড়ে। বজ্রপাতের মাধ্যমে নাইট্রোজেন ফিক্সেশন বিক্রিয়া:



উৎপন্ন HNO_3 মাটির ক্ষারকীয় CaO , $CaCO_3$ এর সাথে দ্রবণীয় NO_3^- লবণ হিসেবে মাটিতে মিশে যায়।

• $CaO(s) + 2HNO_3(aq) \rightarrow Ca(NO_3)_2(aq) + H_2O(l)$
• $CaCO_3 + 2HNO_3(aq) \rightarrow Ca(NO_3)_2(aq) + H_2O(l) + CO_2(g)$

02. বজ্রপাতের সময় তাপমাত্রা উৎপন্ন হয়- [JU-D. 2016-17]

- A. প্রায় $3000^\circ C$
B. প্রায় $2000^\circ C$
C. প্রায় $1000^\circ C$
D. প্রায় $5000^\circ C$

Ans A

03. HNO_3 বৃষ্টির পানির সাথে মিশে মাটিতে আসে এবং মাটির কোন ক্ষারকীয় পদার্থের সাথে বিক্রিয়া করে দ্রবণীয় নাইট্রেট লবণ হিসেবে মাটিতে মিশে? [CoU.2015-16]

- A. CaC_2
B. CaO
C. NH_4Cl
D. NO_2

Ans B

04. $2NO + O_2 \xrightarrow{50^\circ C} X$; X কী হবে? [JnU.2013-14]

- A. HNO_3
B. $2NO_2$
C. NO_3
D. N_2O_5

Ans B

GST QUESTION (SCIENCE & TEC.)

01. বার্কল্যান্ড আইড পদ্ধতিতে নাইট্রিক এসিড পাওয়া যায় শতকরা- [BSMRSTU-C.2017-18]

- A. 99.8%
B. 90.5%
C. 95.6%
D. 99.9%

Ans A Analysis আইড পদ্ধতিতে 30% HNO_3 উৎপন্ন হয়। পরে একে গাঢ় H_2SO_4 সহ দিলুচাপে পাতন করলে 98% HNO_3 পাওয়া যায়। যার মধ্যে CO_2 গ্যাস চালনা করে NO_2 অপসারিত করে বিশোধন করা হলে 99.8% বিশুদ্ধ HNO_3 পাওয়া যায়।

02. উদ্ভিদ কিভাবে সরাসরি বায়ুমণ্ডলীয় নাইট্রোজেন গ্রহণ করে থাকে? [JUST. 11-12]

- A. সিমবায়োটিক ব্যাকটেরিয়ার মাধ্যমে
B. সালোকসংশ্লেষণ প্রক্রিয়ার
C. পাতার রক্তের মাধ্যমে
D. বৃষ্টির মাধ্যমে

Ans A Analysis সিমবায়োটিক নামে এক ধরনের অর্গানিজম শিম, মটর, ছোলা ও লতাপাতা জাতীয় উদ্ভিদে বসবাস করে এবং উদ্ভিদ থেকে শক্তি গ্রহণ করে ও উদ্ভিদের শিকড়ে নিজেদের সংযুক্ত করে। অ্যাকটিনোমাইসেট গ্রুপের ব্যাকটেরিয়া একই কাজ করে।

ENGINEERING QUESTION


01. ইউরিয়া সারকে মাটিতে মিশতে কোন এনজাইম সাহায্যে করে? [BUTex-2016-17]

- A. ইউরিয়েজ
B. ডায়াস্টেজ
C. জায়মেজ
D. মল্টেজ



MAT, DAT & AFMC QUESTION

01. এক আয়তন নাইট্রোজেন ও তিন আয়তন হাইড্রোজেন গ্যাস নিয়ে সেখানে বিদ্যুৎ স্কুপিং ঘটালে নিম্নের কত শতাংশ (%) অ্যামোনিয়া গ্যাসে পরিণত হয়? [MAT.2010-11]
- A. 93 B. 70 C. 7 D. 30 [Ans: C]



CONCEPT

07

শিল্পের গ্যাসীয় বর্জ্য, বায়ু ও পানি দূষণ

ITEM-01 গ্রাইমারী ও সেকেন্ডারী দূষক:

বায়ু দূষক প্রধানত দুই প্রকার		ভৌত অবস্থা অনুসারে দূষক দুইরকম হতে পারে		
গ্রাইমারী দূষক	সেকেন্ডারী দূষক	গ্যাসীয় দূষক		কণাজাতীয় দূষক
সরাসরি পরিবেশে মিশে যায়	গ্রাইমারী দূষকে যুক্ত হয়ে দূষণ ঘটায়	অজৈব গ্যাসীয় দূষক	জৈব গ্যাসীয় দূষক	বালু, ধূলিকণা, ধোয়া, ধোয়া ও কুয়াশার মিশ্রণ, বিভিন্ন ধাতব পার্টিকুলেট
ধূলিকণা, ছাই, ধোয়া, SO_2 , CO_2 , CO , NH_3 , H_2S , হাইড্রোকার্বন	SO_3 , NO_2 , H_2SO_4 , N_2O_5 , HNO_3 বাষ্প, PANs	CO , CO_2 , NO_x , NH_3 , H_2S , SO_2 , H_2SO_4 , HX	হাইড্রোকার্বন, অ্যালডিহাইড, কিটোন, অ্যামিন ও অ্যালকোহল	

ITEM-02 দূষকের উৎস:

উৎস	গ্যাসীয় দূষক
*** তাপ বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র	*** SO_x , NO_x , CO , CO_2 এছাড়াও উদ্ভূত ছাই, অদহনকৃত কার্বন কণা, পার্টিকুলেট।
*** চামড়া শিল্প	*** সালফাইড, মারক্যাপটান, ক্রোমিয়াম, টারটারিক এসিড।
*** ইটের ভাটা	*** CO , SO_x , NO_x
গৃহস্থালী জ্বালানী কয়লা, গ্যাস, কেরোসিন	CO , CO_2 , H_2S

প্রধান প্রধান দূষকের মাত্রা- সূত্র: WHO

দূষকের নাম	সহনীয় মাত্রা/নিরাপদ সর্বোচ্চ মাত্রা/TLV	দূষকের নাম	সহনীয় মাত্রা/নিরাপদ সর্বোচ্চ মাত্রা/TLV
CO	0.15 ppm	SO_3	0.02 ppm
CO_2	320 – 350 ppm/350 ppm (কবির + হাজারী)	NO_2	250 ppb
SO_2	0.05 ppm	NO	350 ppb
CH_4	2.0 ppm	H_2S	0.0002 ppm

বায়ু দূষকের উৎস:

- CO ও CO_2 এর উৎস: কালো গামা পিপির বাসা থেকে মোবাইল নিয়ে গেছে

কালো	গামা	পিপির	বাসা থেকে	মোবাইল নিয়ে গেছে
↓	↓	↓	↓	↓
কোলমাইন	গ্যাস ম্যানুফ্যাকচারিং প্লান্ট	পেট্রোলিয়াম রিফাইনারি	ব্লাস্ট ফার্নেস	অটোমোবাইলের বর্জ্য গ্যাস

- দূষক SO_2 ও SO_3 উৎস: তপুর মোবাইলে পিপি আর সাকিবের সেলফি-

তপুর	মোবাইলে	পিপি আর	সাকিবের	সেলফি
↓	↓	↓	↓	↓
তাপ বিদ্যুৎ কেন্দ্র	অটোমোবাইলের বর্জ্য	পেপার ম্যানুফ্যাকচারিং প্লান্ট	সালফাইডের আকরিক থেকে ধাতু নিষ্কাশন প্লান্ট	সালফিউরিক এসিড প্লান্ট

ITEM-03 শিল্পবর্জ্য ও পানি দূষণের প্রভাব:

শিল্প	বর্জ্য	পানি দূষণের প্রভাব
ক্রোর-অ্যালক্যালি শিল্প	ক্ষার, ক্লোরিন ইত্যাদি	পানি দুর্গন্ধ হয়, স্বাভাবিক রং নষ্ট হয় এবং DO এর পরিমাণ কমে।
কাঁচ ও সিরামিক শিল্প	ফ্লোরাইড, NO_x , SO_x , HCl, HF, As, Pb, Zn, Cd, B ও ডাস্ট	পানি দুর্গন্ধ হয় ও বর্ণ ঘোলাটে হয় এবং DO & pH কমে যায়।
সিমেন্ট শিল্প	SO_2 , NO_x , CO_2 , HCl, Hg ও সিমেন্ট ডাস্ট	তাপমাত্রা বৃদ্ধিতে DO কমে যায় ফলে সামান্যইড জাইলিন এর বিসক্রিয়া বেড়ে যায়। এ ফসফাস ও গলনালী ক্ষতি হয়।
সাবান শিল্প	ক্ষার, ক্লোরিন, চর্বি, গ্রীজ ইত্যাদি।	পানির দুর্গন্ধ ও স্বাভাবিক বর্ণ বিনষ্ট হয় আর ক্ষারযুক্ত হওয়ায় BOD & COD বৃদ্ধি পায়।
ডিটারজেন্ট শিল্প	ক্ষার বিল্ডার, ফিলার, ফসফেট যৌগ ইত্যাদি।	• পানির পৃষ্ঠটান হ্রাস করে। • ফসফেট, সোহাগা পানির রং নষ্ট করে এবং জলাশয়ে ইউট্রোফিকেশন হয়।
মণ্ড ও কাপড় শিল্প	সালফাইট, ফেনল, Cl_2 , মিথাইল মারক্যাপটান, পেটাক্রোরোফেনল ইত্যাদি।	• পানির pH পরিবর্তন হয় এবং কালো বর্ণ ধারণ করে। • DO হ্রাস পায়। এতে সালোকসংশ্লেষণ বিঘ্নিত হয়।
চামড়া শিল্প	দ্রবণীয় প্রোটিন (অ্যালুমিন), জৈব বর্জ্য, বিষাক্ত Cr, প্রচুর লবণ, ধূলি-ময়লা, গোবর ও ট্যানিক এসিড	• pH পরিবর্তন হয়, ট্যানারি শিল্পে গন্ধ হয়। • BOD বৃদ্ধি পায় DO হ্রাস পায়।
ইলেকট্রোপ্লেটিং শিল্প	ক্ষারক, এসিড, Cu, Na, Ni, Cr, Pb, Zn, ও Hg	• জৈবিক প্রক্রিয়ায় বাধা ও জলজ জীবনের ক্ষতি হয়। • pH বিচ্যুত হয় এবং সালোকসংশ্লেষণ প্রক্রিয়া ব্যাহত হয়।

জেনে রাখা ভাল:

ইউট্রোফিকেশন: গৃহস্থালীতে জামা কাপড় বা বাসনপত্র পরিষ্কার করার জন্য ব্যবহৃত ডিটারজেন্টের মূল উপাদান হলো ফসফেট যৌগ। এই ফসফেট যৌগ সুয়েজের মাধ্যমে বিভিন্ন জলাশয়ে সঞ্চিত হলে সেখানকার শৈবাল জাতীয় উদ্ভিদের পোষক খাদ্যের পরিমাণ বৃদ্ধি পায় এবং পানিতে শৈবাল সম্রাজ্য (Algae bloom) তৈরি হয়। শৈবালের এই হারে বৃদ্ধিকে ইউট্রোফিকেশন বলে।

SAQ
Short Ans. Questions

WRITTEN SUGGESTION

BAQ
Broad Ans. Questions

১৯৯১-৯২ নিচের যৌগগুলো থেকে প্রাইমারী বায়ু দূষক সনাক্ত কর: NO_2 , CO , SO_2 , H_2S , O_3
১৯৯২ : প্রাইমারী দূষক : CO , SO_2 , H_2S ; সেকেন্ডারী দূষক : NO_2 , O_3

[BUET. 2019-20]

REAL TEST

ANALYSIS OF PREVIOUS YEAR QUESTIONS

JU QUESTION

CU QUESTION

১১. গ্যাসীয় দূষক ও বায়ুর প্রাকৃতিক উপাদানের আন্তঃক্রিয়ায় গঠিত হতে পারে কোনটি? [JU-A, Set-N: 2022-23]

- A. সেকেন্ডারী দূষক
B. প্রাইমারী দূষক
C. টারসিয়ারী দূষক
D. দূষকবিহীন যৌগ

Ans A Analysis গ্যাসীয় দূষক ও বায়ুর প্রাকৃতিক উপাদানের আন্তঃক্রিয়ায় গঠিত হয় সেকেন্ডারী দূষক। যেমন: SO_3 , H_2SO_4 বাষ্প, NO_2 , N_2O_5 , PANs।

১২. কোনটি প্রাইমারী বায়ু দূষক? [JU-A, Set-I. 2021-22]

- A. SO_2
B. SO_3
C. NO_2
D. HNO_3

Ans A Analysis প্রাইমারী ও সেকেন্ডারী দূষক:

বায়ু দূষক প্রধানত দুই প্রকার	
প্রাইমারী দূষক	সেকেন্ডারী দূষক
সরাসরি পরিবেশে মিশে যায়	প্রাইমারী দূষকে যুক্ত হয়ে দূষণ ঘটায়
ধূলিকণা, হাই, ধোয়া, SO_2 , CO_2 , CO , NH_3 , H_2S , হাইড্রোক্যার্বন	SO_3 , NO_2 , H_2SO_4 , N_2O_5 , HNO_3 বাষ্প, PANs

১৩. কোনটি প্রাইমারী বায়ু দূষক নয়? [JU-A, Set-F. 2021-22]

- A. CO_2
B. CO
C. SO_3
D. SO_2

Ans C

১৪. কোনটি সেকেন্ডারী বায়ু দূষক নয়? [JU-A, Set-M. 2021-22]

- A. HNO_3
B. H_2S
C. H_2SO_4
D. NO_2

Ans B

১৫. কোনটি কণাজাতীয় দূষক নয়? [JU-A, Set-O. 2021-22]

- A. বালু
B. ধূলিকণা
C. ধোয়া
D. কার্বন-মনো-অক্সাইড

Ans D Analysis CO একটি নিরব স্নাতক গ্যাস।

১৬. কোন ধরনের দূষক পানির DO এর পরিমাণ কমায়? [JU-A, Set-F. 2021-22]

- (i) অজৈব দূষক
(ii) জৈব দূষক
(iii) তেজস্ক্রিয় দূষক।

নিচের কোনটি সঠিক?

- A. i ও ii
B. ii ও iii
C. i ও iii
D. i, ii ও iii

Ans A Analysis পানির মধ্যে জৈব ও অজৈব পদার্থ উপস্থিত থাকলে ব্যাকটেরিয়া ও বিভিন্ন অনুজীব দ্রবীভূত অক্সিজেন ব্যবহার করে জৈব ও অজৈব পদার্থ ভেঙে ফেলে। ফলে DO এর পরিমাণ কমে যায়। DO এর মাত্রা 4.6 mg/L এর কমে গেলে পানি দূষিত হয়।

১৭. রেটাম অঞ্চলে পানি স্বল্পতার সৃষ্টি করে কোনটি? [JU-D, Set-C. 2020-21]

- A. পটাশিয়াম বেনজয়েট
B. পটাশিয়াম নাইট্রাইট
C. পটাশিয়াম সরবেট
D. সবকটি

Ans B Analysis পটাশিয়াম নাইট্রাইট রেটাম (মলাশয়) অঞ্চলে পানির স্বল্পতা সৃষ্টি করে, ফলে কোষ্ঠকাঠিন্য দেখা দেয়।

১৮. কোন গ্যাসটি "photochemical smog" সৃষ্টির জন্য দায়ী? [CU. 2019-20]

- A. CO
B. CO_2
C. H_2O
D. NO_x

Ans D Analysis সূর্যের অতিবেগনি (UV) রশ্মি বায়ুমন্ডলের নাইট্রোজেন অক্সাইড (NO) এর সাথে বিক্রিয়া করে যে বিশেষ ধরনের বাদামি ধোঁয়া তৈরি করে তাকে ফটোক্যামিক্যাল স্মোগ বলে। NO , NO_2 , O_3 ও হাইড্রোক্যার্বন ফটোক্যামিক্যাল স্মোগ তৈরি করে।

১৯. রাসায়নিক সার ঘারা জলজ উদ্ভিদের দ্রুত বৃদ্ধির কারণে সৃষ্ট জলজ পরিবেশ দূষণকে কি বলে? [CU-G. 2016-17]

- A. Nitration
B. Eutrophication
C. Nutrition
D. Biomagnification
E. Solidification

Ans B

GST QUESTION (GENERAL)

১০১. প্রত্যাঘিত রাশপাল বিদ্যুৎকেন্দ্রে প্রধান দূষককারী উপাদান কোনটি? [JnU-Ka. 2016-17]

- A. CO
B. SO_3
C. NH_3
D. CO_2

Ans B Analysis তাপ বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রে বর্ণহীন ও অম্লীয় গন্ধযুক্ত দূষককারী SO_2 ও SO_3 উৎপন্ন হয়। এ সব বায়ু দূষক এসিড বৃষ্টি ঘটায়। নাকে ও চোখে জ্বালা, শ্বাসনালিতে প্রদাহ এবং প্রংকাইটিস ও হাঁপানি রোগ সৃষ্টি করে।

১০২. ট্যানারি শিল্পকারখানা থেকে নির্গত কোন বর্জ্যটি পানি দূষণের প্রধান উৎস? [JnU-Ka. 2016-17]

- A. ক্রোমিয়াম
B. কপার
C. জিংক
D. লেড

Ans A

GST QUESTION (SCIENCE & TEC.)

১০৩. ক্লোরিনযুক্ত জৈব দ্রাবক সমূহের বাষ্প শ্বাসের সঙ্গে শরীরে প্রবেশ করলে তা নিচের কোন অঙ্গের বিশেষ ক্ষতিসাধন করে? [HSTU-D.2017-18]

- A. লিভার
B. কিডনী
C. হার্ট
D. ব্রেইন

Ans A Analysis হ্যালোজেনযুক্ত যৌগ যেমন ক্লোরোফর্ম, কার্বন টেট্রাক্লোরাইড, ক্লোরোমিথেন বা ক্লোরোইথেন ল্যাবরেটরির ড্রেনে বা উন্মুক্ত স্থানে পরিত্যাগ করলে তা থেকে নির্গত বাষ্প নিঃশ্বাসের সঙ্গে শরীরে ঢুকে লিভারকে ক্ষতিগ্রস্ত করে যার পরিণাম হলো জন্ডিস বা লিভার সিরোসিসের মত প্রাণঘাতী রোগ।

১০৪. বায়ুতে H_2S এর কত ppm মানুষের মৃত্যু ঘটায়? [HSTU-D.2017-18]

- A. 20
B. 30
C. 40
D. 50

Ans D Analysis বায়ুতে H_2S -এর পরিমাণ 50 ppm থাকলে মৃত্যু পর্যন্ত ঘটতে পারে।

১০৫. ইট ভাটায় জ্বালানির অসম্পূর্ণ দহনে নিচের কোন যৌগটি সৃষ্টি হয়? [BSMRSTU-C.2017-18]

- A. CO_2
B. CO
C. SO_3
D. NH_3

Ans B Analysis শিল্প কারখানায় জ্বালানির অসম্পূর্ণ দহনের ফলে CO উৎপন্ন হয়।

Q / MAT, DAT & AFMC QUESTION

01. শ্মোগ মূলত কোন অঙ্গে রোগ সৃষ্টি করে? [AFMC. 2021-22]
- A. Kidney B. Liver
C. Lungs D. Heart
- Ans C Analysis** Smog (Smoke+fog) Respiratory System এ অস্বাভাবিকতা সৃষ্টি করে।

∴ Smog ফুসফুসে রোগ সৃষ্টি করে।

02. নিম্নলিখিত কোন গ্যাস Photochemical শ্মোগ (Smog) জন্য দায়ী নয়? [MAT. 2020-21, MBSTU-H. 16-17]
- A. NO₂ B. CFC
C. Hydrocarbon D. O₃

Ans B Analysis CFC গ্যাসের উৎপত্তি ও এর ক্ষতিকর প্রভাব:

উৎপত্তি	বৈশিষ্ট্য	ক্ষতিকর প্রভাব
বিভিন্ন বিক্রিয়ায় উৎপন্ন NO, পারমাণবিক অক্সিজেন, পারঅক্সাইড, NO ₂ , O ₃ ও অন্যতম বায়ুদূষক ডিজেল ইঞ্জিনে দহনযুক্ত হাইড্রোকার্বন এবং বিভিন্ন ফ্রি রেডিকেল মিলে পারক্সি অ্যাসাইল নাইট্রেট (PANs) নামে মিশ্র বায়ু দূষক সৃষ্টি হয়।	এ মিশ্র বায়ুদূষক বিভিন্ন শহর এলাকায় ভোরবেলা নিচু আকাশে বাদামি কুয়াশান্তর সৃষ্টি করে। এটিকে ফটোকেমিক্যাল শ্মোগ (Photo chemical smog) বলে।	<ul style="list-style-type: none"> এটি অত্যন্ত বিষাক্ত ও উত্তেজনাকারী বস্তু বিশেষ করে চোখে উত্তেজনা সৃষ্টি করে। এ কুয়াশার সংস্পর্শে নাক ও চোখে ভীষণ জ্বালা করে।

03. কোন গ্যাসটি শ্বাসযন্ত্রে প্রদাহ সৃষ্টি করে?

A. CH₄ B. SO₂ C. CO
D. CO₂

Ans B Analysis বিভিন্ন গ্যাস ও এর প্রভাব:

গ্যাস	প্রভাব
CO	নীরব ঘাতক গ্যাস যা ফুসফুসের মাধ্যমে রক্তের হিমোগ্লোবিনের সাথে যুক্ত হয়ে মানুষের মৃত্যু ঘটায়।
CH ₄	গ্রীন হাউস গ্যাস যা প্রাকৃতিক গ্যাসের প্রধান উপাদান।
SO ₂	নাকে ও চোখে জ্বালা, শ্বাসনালিতে প্রদাহ এবং ব্রঙ্কাইটিস ও হাঁপানি রোগ সৃষ্টি করে।
CO ₂	প্রধান গ্রীন হাউস গ্যাসরূপে গ্লোবাল ওয়ার্মিং ঘটায়।

04. নিম্নের কোনটির কারণে পৃথিবীতে মানুষের মৃত্যুর প্রবৃদ্ধি বেড়েছে- [DAT. 2017-18]
- A. সড়ক দুর্ঘটনায় B. তামাক ও মাদক দ্রব্য গ্রহণে
C. বায়ু দূষণে D. ক্যাপারে

Q / HSC BOARD QUESTION

01. CO₂ এর দুটি প্রধান সিন্কে (Sink) নিচের কোনটি? [য.বো. ২০১৭]
- A. উদ্ভিদ ও বাতাস B. সমুদ্র ও উদ্ভিদ
C. বনভূমি ও মাটি D. উদ্ভিদ ও জীবাশ্ম জ্বালানি
02. নিচের কোনটি সেকেভারি দূষক? [সি.বো. ২০১৭]
- A. CO₂ B. CO
C. SO₂ D. O₃
03. CO এর সহনীয় মাত্রা কত? [সি.বো. ২০১৭]
- A. 40 ppm B. 0.15 ppm
C. 500 ppm D. 1000 ppm

CONCEPT

08

গ্রীন হাউজ গ্যাস ও ওজোনস্তর ক্ষয়

ITEM-01 গ্রীন হাউজ গ্যাস: যে সব গ্যাস ভূ-পৃষ্ঠের বিকিরিত IR রশ্মিকে শোষণ করে বায়ুমণ্ডলের তাপমাত্রা বৃদ্ধি করে, তাদেরকে গ্রীন হাউজ গ্যাস বলে।

□ গ্রীন হাউজ গ্যাসের IR রশ্মি শোষণের শর্ত:

- (i) যে সব গ্যাসের অণুতে তিনটি বা চারটি পরমাণু যুক্ত থাকে; যেমন CO₂, CH₄, CCl₄, F₂ অণু এবং যাদের IR রশ্মি শোষণ ক্ষমতা থাকে-এরা গ্রীন হাউজ গ্যাসে ভূমিকা রাখতে পারে।
- (ii) এসব অণুতে বন্ধনে আবদ্ধ পরমাণুতে কম্পন সংখ্যা (vibration frequency) অবশ্যই ভূ-পৃষ্ঠের বিকিরিত IR রশ্মির কম্পন সমান হতে পারে।
- (iii) এছাড়া এসব অণুতে সহজে পরিবর্তনশীল ডাইপোল মোমেন্ট থাকে। বায়ুমণ্ডলের CO₂ ও পানি বাষ্প (H₂O) পোলার অণু হওয়ার এদের C = O বন্ধন পোলা হয় এদের ডাইপোল বা দ্বিপোল মোমেন্ট সহজে পরিবর্তন ঘটে। তখন এরা বিকিরিত IR রশ্মি শোষণ করে তাপমাত্রা বৃদ্ধি করে।

বিদ্র: N₂, H₂, O₂ এর গ্রীন হাউজ প্রভাব নেই।

□ নিচের ছকের মাধ্যমে গ্রীন হাউজ গ্যাসগুলোর উৎস সম্পর্কে আলোচনা করা হলো:

গ্রীন হাউজ গ্যাস	তাপমাত্রা বৃদ্ধিতে ভূমিকা	CO ₂ এর তুলনায় গ্রীন হাউজ প্রভাব/তাপ ধারণ ক্ষমতা	উৎসের তথ্য বা ব্যাখ্যা
CO ₂	50%	1 গুণ	<ul style="list-style-type: none"> মূল গ্রীন হাউজ গ্যাস। CO₂ গ্যাসের সবচেয়ে বড় আধার সমুদ্র। এটিকে মূল কালপ্রিট বলা হয়।
CH ₄	19%	25 গুণ	<ul style="list-style-type: none"> বায়ুমণ্ডলে নিক্টিগ গ্যাস সক্রিয় থাকে প্রায় ১১ বছর।
O ₃	18%	10 গুণ	<ul style="list-style-type: none"> স্ট্র্যাটোস্ফিয়ার ওজোন গ্যাস অবস্থান করে।
CFC	16%	15000 গুণ/ (15000-20000) গুণ	<ul style="list-style-type: none"> CFC স্ট্র্যাটোস্ফিয়ারের ওজোন গ্যাসকে ধ্বংস করে এবং ট্রিপোলারিয়ারে গ্রীন হাউজ গ্যাসের উপাদান হিসেবে কাজ করে। গ্রীন হাউজ প্রভাব সৃষ্টিতে এর ভূমিকা প্রায় 15-16%
NO _x	5%	270 গুণ	<ul style="list-style-type: none"> অতি দ্রুতগামী অ্যারোপেন হতে প্রচুর পরিমাণ NO গ্যাস নির্গত হয়।
জনীয় বাষ্প	2%	5 গুণ কম (0.2 গুণ)	

□ গ্রীন হাউজ গ্যাসসমূহের উদাহরণ:

○ কামিনার কোলে ওপ্তি:

কা ↓ কার্বন ডাই অক্সাইড (CO ₂)	মি ↓ মিথেন (CH ₄)	নার ↓ নাইট্রোজেন অক্সাইড (NO _x)	কোলে ↓ ক্লোরোফ্লোরো কার্বন (CFC)	ওপ্তি ↓ O ₃ (ওজোন)
--	-------------------------------------	---	--	-------------------------------------

ITEM-02 গ্রীন হাউজ প্রভাব:

- তাপমাত্রা বৃদ্ধি: CO₂ এর বৃদ্ধি অনুসারে 2050 সালের মধ্যে পৃথিবীর তাপমাত্রা 3°C বাড়বে (IPCC)।
- গাণিতিকের পরিবর্তন: অভিবৃষ্টি ও অনাবৃষ্টির সৃষ্টি করে।
- বায়ুর উপর প্রভাব: তাপমাত্রা বৃদ্ধির সঙ্গে ম্যালেরিয়া, ডেঙ্গু, এনকেফালাইটিস, পীতজ্বর, হাঁপানি, এলাজি প্রভৃতি রোগের প্রাদুর্ভাব বাড়বে।
- পৃথিবীর গ্রীন হাউজ: বায়ুমতলের ভূপৃষ্ঠ সংলগ্ন হোমোস্ফিয়ারে N₂, O₂, O₃ অণুর সাথে CO₂ ও H₂O অণুগুলো থাকে। এ হোমোস্ফিয়ার অঞ্চলকে পৃথিবীর গ্রীন হাউজ বলে।

ITEM-03 CFC

- মিথেন ও ইথেনের ফ্লোরিন ও ক্লোরিন জাতকসমূহই প্রধানত CFC।
- CFC এর পূর্ণরূপ হল Chlorofluorocarbon.
- বাণিজ্যিকভাবে এরা ফ্রিয়নস নামে পরিচিত।
- এগুলো নিম্ন গলনাঙ্ক ও স্ফুটনাঙ্ক বিশিষ্ট, গন্ধহীন, অদাহ্য, নিষ্ক্রিয় পানিতে অদ্রবণীয় এবং অবিষাক্ত।
- CFC এর স্ফুটনাঙ্ক কক্ষতাপমাত্রার কাছাকাছি ফলে অল্প চাপে তরলে পরিণত করা যায়।
- CFC-11 (CFCl₃)-স্ফুটনাঙ্ক 24°C, CFC-12(CF₂Cl₂)-স্ফুটনাঙ্ক 30°C
- CFC-12 এর উৎপাদন বিক্রিয়া: $CCl_4 + 2HF \xrightarrow{SbCl_5} CCl_2F_2 + HCl$
- CFC-11 ও CFC-12 একত্রে উৎপাদন বিক্রিয়া: $2CCl_4 + 3HF \xrightarrow[300^\circ C]{(C+FeCl_2)} CF_2Cl_2 + CFCl_3 + 3HCl$
- CFC এর নামকরণ: CFC এর গাণিতিক মানের সাথে 90 যোগ করে তিন অংক বিশিষ্ট সংখ্যা বানাতে হবে। এরপর প্রথম অংককে C, ২য় অংককে H এবং ৩য় অংককে F ধরতে হবে। কার্বনের অবশিষ্ট হাত Cl দ্বারা পূরণ করতে হবে। তাহলেই CFC এর সংকেত তৈরি হয়ে যাবে।

ফ্রিয়ন	সূত্র প্রয়োগ	অংক বিন্যাস				সংকেত গঠন
Freon-11	11 + 90 = 101	C	H	F	Cl	$\begin{array}{c} Cl \\ \\ Cl-C-F \\ \\ Cl \end{array} (CCl_3F)$
		1	0	1	3	
Freon-12	12 + 90 = 102	C	H	F	Cl	$\begin{array}{c} F \\ \\ F-C-Cl \\ \\ Cl \end{array} (CCl_2F_2)$
		1	0	2	2	
Freon-114	114 + 90 = 204	C	H	F	Cl	$\begin{array}{c} F \quad F \\ \quad \\ F-C-C-Cl \\ \quad \\ F \quad Cl \end{array} (C_2F_4Cl_2)$
		2	0	4	2	

□ আণবিক সংকেত থেকে CFC বা Freon code নির্ণয়:

মনে রাখবে IUPAC নীতি অনুসারে CFC বা Freon এর ট্রেড নামের পরে সর্বোচ্চ 3 ডিজিটের একটা code থাকে, CFC-abc এরূপ।

যেকোনো CFC বা HCFC যৌগকে C_aH_bF_cCl_x এভাবে প্রকাশ করা হয়।

এখানে, a = C পরমাণু সংখ্যা ; b = H পরমাণু সংখ্যা ; c = F পরমাণু সংখ্যা

□ CFC/Freon code বের করার উপায়:

Step-01 C_aH_bF_cCl_x এরূপ সংকেত থেকে a, b, c এর মান নিয়ে, abc আকারে একটি সংখ্যা বানানো। সেই সংখ্যাতে প্রথমে C সংখ্যা, H সংখ্যা ও শেষে F সংখ্যা।

Step-02 CFC code = abc - 90

Real Example: CHF₂Cl যৌগের CFC code বের করো?

Solve: a = কার্বন সংখ্যা = 1; b = H সংখ্যা = 1; c = F সংখ্যা = 2; CHF₂Cl এর CFC code = 112 - 90 = 22 ∴ CHF₂Cl = CFC - 22

Q. FC₂HCl₄ এর CFC code বের করো?

Solve: C₂HFCl₄ এখানে, a = 2; b = 1; c = 1 ∴ CFC code = 211 - 90 = 121 ∴ C₂HFCl₄ = CFC - 121

□ CFC গ্যাসে Cl সংখ্যা নির্ণয় = (2d + 2 - e - f); এখানে, 90 + CFC Nuber (abc) = def

যেমন- Freon-14, এর Cl সংখ্যা কয়টি? 90 + 14 = 104, d = 1, e = 0, f = 4; Cl সংখ্যা = (2.1 + 2 - 0 - 4) ∴ Cl সংখ্যা = 0

○ CFC এর কয়েকটি উল্লেখযোগ্য ব্যবহার:


- তরল প্রসাধনীর স্প্রে
- কীটনাশক ও পোকামাকড় দমনের দ্রাবক
- ইলেকট্রনিক যন্ত্রপাতি পরিষ্কারক
- খাদ্য দ্রব্য সংরক্ষণে

○ ওজোন স্তর ক্ষয়রোধে CFC এর বিকল্প হিসেবে হাইড্রোহ্যালো অ্যালকেন জাতীয় যৌগ ব্যবহার করার প্রস্তাব করা হচ্ছে। এদের মধ্যে হাইড্রোক্লোরোফ্লোরোকার্বন অথবা হাইড্রোক্লোরো কার্বন অন্যতম। এ ধরনের যৌগগুলোর মধ্যে HCFC-22, (CHClF₂), HCFC-142 (CH₃-CClF₂), HCFC-134 (ClCHF-CF₃) এবং HCFC-152 (ClCH₂-CHF₂)

○ CFC এর বিকল্প হিসেবে HCFC ব্যবহার করা হয় কারণ HCFC স্ট্র্যাটোস্ফিয়ারে গিয়ে ওজোন ধ্বংস করার জন্য Cl পরমাণু উৎপাদন করতে পারে না।

○ প্রতিটি ক্লোরিন ফ্রি-রেডিক্যাল (Cl•) প্রায় 1 লক্ষ ওজোন অণু ধ্বংস করে।

02. প্রাকৃতিক গ্যাসকে বায়ুতে দহন করলে কী কী উৎপন্ন হয়? [DU, 7Clg-A, 2021-22]
- A. C + H₂ B. C + H₂O
C. CO₂ + H₂ D. CO₂ + H₂O



প্রাকৃতিক গ্যাস

যে কোনো হাইড্রোকার্বনকে দহন করলে CO₂ ও H₂O পাওয়া যাবে।

03. গ্রহনাত কোন রশ্মি শোষণের ফলে গ্রীন হাউজ প্রভাব দেখা যায়? [DU-Tech, 2020-21]
- A. অবলোহিত B. মাইক্রোওয়েভ C. অতিবেগুনী D. দৃশ্যমান

Ans A Analysis অবলোহিত রশ্মি শোষণের ফলে বায়ুমন্ডল ও ভূ-পৃষ্ঠের তাপমাত্রা বৃদ্ধি পায়। ফলে গ্রীন হাউজ প্রভাব দেখা যায়।

Q GST QUESTION (GENERAL)

04. নীচের কোনটি CFC এর বিকল্প? [KU-A, Set-Kha: 2018-19]

- A. Pentane B. Ammonium
C. Methylene Chloride D. Hydrochlorofluoro Carbon

Ans D Analysis CFC এর বিকল্প -Hydrochlorofluoro Carbon (HCFC)

02. ফ্রিয়ন-11 গ্যাসের সংকেত কি? [JnU-A, 2017-18, PUST, 2014-15]

- A. CF₂Cl₂ B. CClF₃
C. CFCI₃ D. CHFCl₂

Ans C

03. হাইড্রোফ্লোরো অ্যালকেন জাতীয় পদার্থে কোন বন্ধন থাকার কারণে ক্ষতিকর Cl পরমাণু উৎপাদন করতে পারে না? [CoU, 2013-2014]

- A. H-Cl B. H-C C. H-H D. Cl-Cl **Ans B**

04. ওজোন স্তরের ভাঙ্গন ঘটায় নিচের কোনটি? [IU, 2012-13]

- A. NO B. NO₂ C. Cl₂ D. CCl₂F₂

Ans D Analysis ওজোন স্তর ক্ষয়কারী পদার্থের মধ্যে CFC হলো প্রধান।

05. পরিবেশ বিনষ্টকারী গ্রীন হাউজ প্রভাবের জন্যে কোন গ্যাস দায়ী? [KU, 2009-10, CU, 2013-14]

- A. CO₂ B. CFC
C. নাইট্রাস অক্সাইড D. সবগুলো **Ans D**

Q GST QUESTION (SCIENCE & TEC.)

01. গ্রীন হাউজ গ্যাস কোনটি? [MBSTU-B, 2019-20]

- A. N₂ B. COCl₂ C. জলীয় বাষ্প D. H₂ **Ans C**

02. নিচের কোনটি ওজোনস্তর ক্ষয়কারী নয়? [JUST-B: 2019-20]

- A. CFCI₃ B. CH₄ C. SO₂ D. N₂O **Ans C**

03. ফ্রিয়ন-12 এর সংকেত কোনটি? [MBSTU, 2019-20, BSMRSTU-H, 2017-18]

- A. CCl₂F₂ B. CCl₃F
C. CClF₂-CClF₂ D. CH₃COCl **Ans A**

04. CFC এর বেলায় কোনটি সঠিক নয়? [HSTU-D, 2017-18]

- A. ওজোন স্তর নষ্ট করে B. পচন রোধ করে
C. হিমায়ক যন্ত্রে ব্যবহৃত হয় D. এরোসল স্প্রে এর দ্রাবক

Ans B Analysis • বিভিন্ন ধরনের হিমায়ক (AC, ফ্রিজ, রেফ্রিজারেটর প্রভৃতি) যন্ত্রে ব্যবহৃত হয়।

• শিকল বিক্রিয়ার মাধ্যমে ওজোন স্তর ক্ষয় করে চলেছে।

• তরল প্রসাধনী স্প্রে হিসেবে প্রচুর পরিমাণে ব্যবহার করা হয়।

05. গ্রীন হাউজ গ্যাসের ক্ষেত্রে প্রযোজ্য নয় কোনটি? [HSTU-A, 2017-18]

- A. CO₂ গ্যাস 49% B. CH₄ গ্যাস 18%
C. CO গ্যাস 16% D. CFC গ্যাস 16% **Ans C**

06. ক্লোরোফ্লোরো কার্বন গ্যাসের ক্ষেত্রে নীচের কোনটি সঠিক নয়? [JUST-B, 2017-18]

- A. গন্ধহীন B. অদাহ্য
C. বিদ্রব পানিতে অদ্রবণীয় D. উচ্চ গলনাঙ্ক


Ans D Analysis ফ্রিয়ন সমূহ গন্ধহীন, অবিষাক্ত, অদাহ্য, পানিতে অদ্রবণীয়, নিষ্ক্রিয় ও নিম্ন গলনাঙ্ক ও স্ফুটনাঙ্ক বিশিষ্ট।

07. কোনটি গ্রীন হাউজ গ্যাস নয়? [BSMRSTU-B, 2017-18]

- A. H₂ B. CO₂ C. CFC D. CH₄ **Ans A**

08. C₂F₄Cl₂ যৌগটির নাম কি? [PUST-A, 2017-18]

- A. ফ্রিয়ন-14 B. ফ্রিয়ন-114 C. ফ্রিয়ন-2 D. ফ্রিয়ন-11



∴ ফ্রিয়ন এর নম্বর = (204 - 90) = 114

∴ C₂F₄Cl₂ হল ফ্রিয়ন-114

09. CFC ওজোন স্তর ধ্বংস করে কিভাবে?

- A. ওজোন অণু ভেঙ্গে B. ফ্রি-র্যাডিক্যাল বিক্রিয়ায়
C. ওজোন শোষণ করে D. যুত বিক্রিয়ায়

Ans B Analysis সূর্য থেকে আসা অতিবেগুনী রশ্মি দ্বারা CFC সমূহ র্যাডিক্যাল বিক্রিয়ার মাধ্যমে বায়ুমণ্ডলের ওজোন স্তরকে ভেঙ্গে অক্সিজেন পরিণত করে। এভাবে ওজোন স্তর ধ্বংস হয়।

10. কোন যৌগটি CFC এর অন্তর্ভুক্ত নয়?

- A. CFCI₃ B. CF₂Cl₂ C. CClF₂CClF
D. CF₃CF₃ E. CF₃CCl₃

Ans D Analysis CFC হচ্ছে মিথেন ও ইথেনের ক্লোরো ও ব্রোমো উৎপন্ন কিন্তু CF₃CF₃ যৌগে শুধু ইথেনে ক্লোরিন আছে ক্লোরিন নেই তাই এটি CFC নয়।

11. CFC ওজোনস্তরকে ভেঙে কী তৈরি করে?

- A. UV রশ্মি B. ফ্রি-র্যাডিক্যাল
C. ক্যান্সার সহায়ক কোষ D. ATP

12. 1800-1900 সালের মধ্যে পৃথিবীর গড় তাপমাত্রা কত বৃদ্ধি পেয়েছে?

- A. 0.5°C B. 0.4°C C. 0.3°C D. 0.2°C

Ans B Analysis ক্রমাগত তাপমাত্রা বৃদ্ধির ফলে গ্লোবাল ওয়ার্মিং শুরু হয়েছে। 1800-1900 সালের মধ্যে পৃথিবীর গড় তাপমাত্রা প্রায় 0.4 বেড়েছে। 1900-2000 সালের মধ্যে গড় তাপমাত্রা বৃদ্ধি পেয়েছে প্রায় 1°C। 100 বছর ওজোনস্তরের ক্ষয় হয়েছে প্রায় 3 ভাগ।

13. CFCI₃ \xrightarrow{A} "CFCI₂ + Cl"; A = ? [HSTU, 2013]

- A. Pt চূর্ণ B. Fe চূর্ণ
C. hv D. তাপমাত্রা **Ans**

14. বায়ুমন্ডলে গ্রীন হাউজ গ্যাস না থাকলে ভূপৃষ্ঠের তাপমাত্রা- [BSMRSTU, 12-]

- A. বেড়ে যেত B. 0°C থেকে আরও 18°C নিচে নেমে।
C. স্থির থাকতো D. অনির্দিষ্ট অবস্থায় পড়ত **Ans**

Q ENGINEERING QUESTION

01. গ্রীন হাউজ গ্যাসে CFC এর শতকরা পরিমাণ কত?

- [BUTex, 2011-2012; HSTU-D, 17-18, Tex. Eng. Clg, 2019]
A. 16% B. 6% C. 13% D. 14%

Ans A Analysis গ্রীনহাউজ গ্যাসে CO₂(50%), CH₄(19%), CFC(16%), O₃(18%) N₂O(6%) জলীয় বাষ্প (2%) থাকে।

Q MAT, DAT & AFMC QUESTION

01. ওজোন স্তর ক্ষয় করে কোনটি? [DAT: 22-23, MBSTU, 18-19, 17-18; ব. বো. ২০১]

- A. CF₂Cl₂ B. HCl C. HFC D. HCFC

Ans A Analysis শিল্পজাত CFC বিশেষ করে ফ্রিয়ন-11 ও ফ্রিয়ন-থেকে নির্গত ক্লোরিন পরমাণু ওজোন স্তর ক্ষয়ে প্রভাবকরূপে কাজ করে।

02. নিচের কোন গ্যাসটি বায়ুমণ্ডলের তাপমাত্রা বৃদ্ধিতে সবচেয়ে বেশি ভূমিকা রাখে [DAT, 2019-20; IU, 2013-14; ব. বো. ২০১]

- A. CO₂ B. NO₂ C. NH₃ D. CH₄ **Ans**

03. নিচের কোনটি গ্রীন হাউজ গ্যাস নয়? [MAT, 2014-1]

- A. CFC B. N₂O C. N₂ D. CH₄

Ans C Analysis গ্রীন হাউজ গ্যাসসমূহ: CO₂, CFC, N₂O, CH₄

Q HSC BOARD QUESTION

01. প্রাকৃতিক গ্যাস + O₂ → A + H₂O; A যৌগটি- [য. বো. ২০১]

- i. গ্রীন হাউজ প্রভাবের কারণ ii. ইউরিয়া উৎপাদনে ব্যবহৃত হ

- iii. নিরপেক্ষ অক্সাইড

- নিচের কোনটি সঠিক?

- A. i ও iii B. i ও ii C. ii ও iii D. i, ii ও iii **Ans**

CONCEPT

09

এসিড বৃষ্টি সম্পর্কিত তথ্য

ITEM-01 এসিড বৃষ্টির প্রাথমিক তথ্য:

- H₂SO₄ ও HNO₃ এসিড মিশ্রিত বৃষ্টির পানির pH 3.5-5.6 সীমার কম হলে তাকে এসিড বৃষ্টি বলা হয়।
- এসিড বৃষ্টিতে সব থেকে বেশি ভূমিকা রাখে H₂SO₄ (60-65%), তারপর HNO₃ (30-35%), HNO₃ সবচেয়ে কম ভূমিকা রাখে HCl।
- এসিড বৃষ্টির জন্য দায়ী গ্যাস NO_x, SO_x। তবে এসিড বৃষ্টিতে প্রধান ভূমিকা রাখে SO₂ ও SO₃ (লিঙ্কন স্যার)
- বহুপাতের সময় উচ্চ তাপমাত্রায় বাতাসের N₂ ও O₂ বিক্রিয়া করে NO_x উৎপন্ন করে যা বৃষ্টির পানির সাথে মিশে HNO₃ উৎপন্ন করে।
- অম্লপাতের সময় শহুর পরিমাণ SO₂ বায়ুতে মিশে যায়। বায়ুমণ্ডলের SO₂ এর প্রায় 67% প্রাকৃতিক উপায়ে সৃষ্ট।

বিদ্র.: স্বাভাবিক বৃষ্টির পানিতে H₂CO₃ থাকায় অল্প অম্লধর্মী হয়।

ITEM-02 এসিড বৃষ্টির ক্ষতিকর প্রভাব:

- মাটির pH কমে যায় ফলে:
 - মাটির উর্বরতা নষ্ট হয়।
 - অণুজীব ধ্বংস হয়।
 - সালোকসংশ্লেষণ ব্যাহত হয় এবং গাছের বৃদ্ধি ও রোগ প্রতিরোধ ক্ষমতা অনেকাংশে কমে যায়।
- এসিড বৃষ্টির কারণে পানির pH হ্রাস পায় ফলে:
 - জলাশয়ের pH 3 এর কম হওয়ায় জলজ উদ্ভিদ ও মাছ মারা যায়।
 - মাছের খাবার ফাইটোপ্লাঙ্কটন ও জুয়োপ্লাঙ্কটন উৎপাদন হ্রাস পায়। মাছের প্রজনন ও ডিম উৎপাদন কমে যায়।
 - পানির অম্লত্ব বেশি হলে পানিতে Al₂(SO₄)₃ সৃষ্টি হয় যা Al₂O₃ এর সাথে বিক্রিয়া করে Al³⁺ উৎপন্ন করে। Al³⁺ মাছের শ্বাসতন্ত্র আক্রমণ করে। ফলে মাছ অক্সিজেন শ্বাসতার কারণে মারা যায়।
 - এসিড বৃষ্টি মানুষের চুল ও ত্বকের ক্ষতি করে। তাছাড়া H₂SO₄ এবং HNO₃ মিশ্রিত পানি গ্রহণ করলে মানুষের শ্বাসযন্ত্র, স্নায়ুতন্ত্র ও পরিপাক ক্রিয়া দারুণভাবে ব্যাহত হয়।
 - এসিড বৃষ্টির প্রভাবে বিভিন্ন ঐতিহাসিক স্থাপনা, মার্বেল পাথর নির্মিত বিল্ডিং, স্মৃতিসৌধ, ভাস্কর্য, ধাতব সেতু প্রভৃতি ব্যাপকভাবে ক্ষতিগ্রস্ত হয়।
 - স্টোন ক্যান্সার: এসিড বৃষ্টির ফলে মার্বেল পাথরে যে ক্ষতের সৃষ্টি হয় তাকে স্টোন ক্যান্সার বলে।

HOT NEWS:


- Auto Exhaust System: দূষক CO₂ ও N এর অক্সাইডকে V₂O₅ এর প্রভাবে জারিত করে CO₂, H₂O, N₂, O₂ উৎপন্ন করে দূষক দূর করা হয়।
- FGD প্লান্ট: SO₂ গ্যাস মিশ্রিত ফ্লু-গ্যাসকে চূনাপাথর বা চূনের পানির মিশ্রণে চালনা করে SO₂ শোষণ করা হয়। এ ফ্লু-গ্যাস ডিসালফারাইজেশন বা FGD প্লান্ট বলে। FGD প্লান্টে উৎপন্ন জিপসাম (CaSO₄.2H₂O) dry wall তৈরীতে ব্যবহৃত হয়। ফ্লু-গ্যাস = H₂S + SO₂ + SO₃

SAQ Short Ans. Questions

WRITTEN SUGGESTION

BAQ Broad Ans. Questions

প্রশ্ন-০১: একটি কেমিক্যাল ইন্ডাস্ট্রিতে অবস্থিত ফ্লু গ্যাস ডিসালফারাইজেশন (FGD) প্লান্টে SO₂ অপসারণের জন্য সংগঠিত বিক্রিয়াসমূহ উল্লেখ কর। [BUET. 19-20]



REAL TEST

ANALYSIS OF PREVIOUS YEAR QUESTIONS

JU QUESTION

01. কোনটি এসিড বৃষ্টির জন্য কারণ নয়? [JU-A, Set-O. 2021-22]
 A. H₂CO₃ B. HNO₃ C. H₂SO₄ D. H₂SO₃
Ans A Analysis • বায়ুমন্ডলে অধঃক্ষেপন বৃষ্টিতে pH এর মান 5.6 এর কম হলেই ঐ অধঃক্ষেপনকে এসিড বৃষ্টি বলে। সাধারণত এর pH মান (5.6-3.5) মধ্যে থাকে। এর মূলে তিনটি এসিড থাকে (H₂SO₃, H₂SO₄, HNO₃) যা প্রাইমারি বায়ু দূষক SO₂ ও NO_x হতে উৎপন্ন হয়।
 • স্বাভাবিক বৃষ্টির জলে CO₂ দ্রবীভূত অবস্থায় H₂CO₃ রূপে থাকে। এটি দুর্বল এসিড হওয়ায় এটি কম পরিমাণে আয়নিত হয়।
02. কোন বিক্রিয়াটি বায়ুমন্ডলে এসিড বৃষ্টি উৎপাদনে জড়িত? [JU-D, Set-A. 2020-21]
 A. SO₂ + H₂O = H₂SO₃ B. S + O₂ = SO₂
 C. H₂ + 1/2 O₂ = H₂O D. CO + O₂ = CO₂
Ans A Analysis বায়ুমন্ডলে বিদ্যমান SO₂, জলীয় বাষ্প H₂O(g) এর সাথে মিশ্রিত হয়ে এসিড বৃষ্টি উৎপাদনে সহায়ক ভূমিকা পালন করে।
03. TSP এর সঠিক সংযুক্তি কোনটি? [JU-D, Set-C. 2020-21]
 A. [Ca(H₂PO₄)₂ + 2Ca(NO₃)₂] B. Ca(H₂PO₄)₂ · H₂O
 C. Ca(H₂PO₄)₂ D. (NH₄)₂HPO₄

Ans C Analysis TSP (Triple super phosphate) এর সাথে Ca(H₂PO₄)₂ সংযুক্ত করা হয়।

04. সিমেন্ট শিল্পের কোন দূষক জলীয় বাষ্প ও অক্সিজেনের সাথে বিক্রিয়া করে এসিড বৃষ্টি সৃষ্টি করে? [JU-D, Set-A. 2019-20]

- A. SO₂ B. CaCO₃ C. Ca(OH)₂ D. CaO

Ans A Analysis SO₂ + O₂ → SO₃; SO₃ + H₂O (জলীয় বাষ্প) → H₂SO₄

05. এসিড বৃষ্টির pH কত? [JU-D, 2017-18]

- A. > 6.8 B. 5.8 C. < 5.6 D. কোনটিই নয়

Ans C Analysis বায়ুমন্ডলের CO₂ বৃষ্টির সময় বৃষ্টির পানির সাথে মিশে দুর্বল কার্বনিক এসিড তৈরি করে। এ সময় বৃষ্টির পানির pH হয় 5.6। বৃষ্টির পানির pH 5.6 এর কম হলে তাকে এসিড বৃষ্টি বলে।

RU QUESTION

01. এসিড বৃষ্টির জন্য কোনটি দায়ী নয়? [RU-H. 2015-16]

- A. HCl B. H₂SO₃ C. H₂SO₄ D. HNO₃

Ans B Analysis এসিড বৃষ্টিতে H₂SO₄, H₂SO₃ এবং HNO₃, HNO₂ এর অবদান যথাক্রমে (60-65)% এবং (30-35)%। এসিড বৃষ্টির pH 3.5 থেকে 5.6 এর মধ্যে হয়। HCl খুব কম পরিমাণে ভূমিকা রাখে।

02. এসিড বৃষ্টি সৃষ্টিতে প্রধান ভূমিকা রাখে-

[RU. 2014-15]

- A. SO₂ এবং SO₃ B. NO এবং NO₂
C. NO এবং SO₂ D. NO₂ এবং SO₃

Ans A Analysis এসিড বৃষ্টি সৃষ্টিতে প্রধান ভূমিকা রাখে SO₂ ও SO₃

03. SO₂ গ্যাস পানির সাথে বিক্রিয়া করে কি তৈরী হয়- [RU. 2009-10, সি.বো. ২০১৭]

- A. H₂SO₄ B. HSO₄ C. H₂SO₃ D. H₂SO₃

Ans D Analysis সালফারের ডাই অক্সাইড অম্লধর্মী বলে পানির সাথে বিক্রিয়া করে অম্ল তৈরি করে।



CU QUESTION

01. বৃষ্টির পানির নমুনাকে এসিড বৃষ্টি হিসেবে গণ্য করা যায় যদি এর pH..... হয়। [CU-Ka.2016-17]

- A. 5.6 B. 4.0 C. 6.2
D. 7.0 E. 6.8

Ans B Analysis স্বাভাবিক বৃষ্টির জন্য pH এর সর্বনিম্ন মান 5.5 (5.5 - 3.5)। এর নিচে pH এর মান হলে তা এসিড বৃষ্টি বলে গণ্য হবে। তবে উন্নত দেশে এসিড বৃষ্টির pH সবচেয়ে কম থাকে। যেমন- মধ্য ইউরোপে এসিড বৃষ্টির pH 4.1

DU AFFILIATED COLLEGE QUESTION

01. নিচের কোন গ্যাসগুলি এসিড বৃষ্টির প্রধানত কারণ? [DU Tech: 2022-23]

- A. NO_x, CO₂ B. SO_x, O₂
C. SO_x, NO_x D. CFC, H₂O

Ans C Analysis বায়ুমন্ডলে অধঃক্ষেপন বৃষ্টিতে pH এর মান 5.6 এর কম হলেই ঐ অধঃক্ষেপনকে এসিড বৃষ্টি বলে। সাধারণত এর pH মান (5.6+3.5) মধ্যে থাকে। এর মূলে তিনটি এসিড থাকে (H₂SO₃, H₂SO₄, HNO₃) যা প্রাইমারি বায়ু দূষক SO₂ ও NO_x হতে উৎপন্ন হয়।

GST QUESTION (GENERAL)

01. জলাশয়ে পানির pH মান কত এর নিচে হলে জলজ উদ্ভিদ ও মাছ মারা যায়? [CoU-A. 2016-17]

- A. 3 B. 5 C. 6 D. 7 **Ans A**

GST QUESTION (SCIENCE & TEC.)

01. কোনটি এসিড বৃষ্টির প্রভাব নয়? [HSTU-A.2017-18]

- A. ধাতু নির্মিত জাহাজে মরিচা ধরে B. জলাশয়ে মাছ মরে যায়
C. শ্বেত পাথর হলুদ D. মাটিতে ফসল ফলে না

CONCEPT

10

অম্ল-ক্ষারকের বিভিন্ন মতবাদ সম্পর্কিত আলোচনা

☑ প্রাথমিক তথ্যাবলী: এসিড শব্দটি ল্যাটিন Acidus শব্দ থেকে উদ্ভূত এবং Alkali একটি আরবী শব্দ যার অর্থ উদ্ভিদ ভক্ষ। প্রাচীন রসায়নবিদ ও আলকেমিস্টরা ভিনেগার এর সদৃশ ধর্মযুক্ত বস্তুকে এসিড এবং উদ্ভিদ ভক্ষ সদৃশ ধর্মযুক্ত বস্তুকে অ্যালকালি বা ক্ষার হিসেবে মনে করতেন।

☞ **ITEM-01** প্রাচীন বা সাধারণ মতবাদ:

- অম্ল টক স্বাদযুক্ত এবং ক্ষারক মিষ্টি স্বাদযুক্ত।
○ লাল লিটমাসকে নীল করলে ক্ষারক এবং
○ যদি কোন যৌগ নীল লিটমাসকে লাল করে তা এসিড
○ বর্ণ পরিবর্তন না হলে নিরপেক্ষ যৌগ।

তত্ত্ব	আরহেনিয়াস (Arrhenius)	ব্রনস্টেড-লোয়ারি (Bronsted Lowery)	লুইস (Lewis)	উসানোভিক (Usanovich)	লুক্স ফ্লাড (Lux flood)
সাল	1887	1923	1923	1938	1947
মতবাদ	আয়নিক মতবাদ	প্রোটনীয় মতবাদ	ইলেক্ট্রনীয় মতবাদ (সর্বাণুগত)	ক্যাটায়নিক -অ্যানায়নিক মতবাদ।	অক্সাইড মতবাদ।
এসিড	যে জলীয় দ্রবণে হাইড্রোজেন আয়ন (H ⁺) দান করে। উদাহরণ: HCl(aq), HNO ₃ (aq)	যা অন্য পদার্থ কে প্রোটন দান করে। উদাহরণ: HCl, H ₂ SO ₄ , HSO ₄ ⁻	যে একজোড়া ইলেক্ট্রন গ্রহণ করে। উদাহরণ: CO ₂ , SO ₂ , BF ₃ , AlCl ₃ , Cu ²⁺	এসিড হচ্ছে এমন পদার্থ যা একটা ক্ষারকে নিষ্ক্রিয় করে, ক্যাটায়ন বা ইলেক্ট্রন দান করে, অ্যানায়নের সাথে যুক্ত হয়। উদাহরণ: SO ₃ , Cl ₂ , HCl, NH ₄ ⁺	বিক্রিয়ার সময় যে যৌগ অক্সাইড আয়ন দান করে। উদাহরণ: SO ₃ , SiO ₂

তত্ত্ব	আরহেনিয়াস (Arrhenius)	ব্রনস্টেড-লোওরি (Bronsted Lowery)	লুইস (Lewis)	উসানোভিক (Usanovich)	লুক্স ফ্লাড (Lux flood)
ক্ষার	যে জলীয় দ্রবণে হাইড্রোক্সাইড আয়ন (OH ⁻) দান করে উদাহরণ: NaOH(aq), KOH(aq)	যে অম্ল হতে প্রোটিন গ্রহণ করে। উদাহরণ: Cl ⁻ , H ₂ O, NH ₃ , NO ₃ ⁻ , F ⁻ , OH ⁻	যে একজোড়া ইলেকট্রন দান করে। উদাহরণ: NH ₃ , H ₂ O, CN ⁻ , Cl ⁻	ক্ষার হচ্ছে এমন পদার্থ যা একটা এসিডকে নিষ্ক্রিয় করে, অ্যানায়ন দান বা ইলেকট্রন গ্রহণ করে বা ক্যাটায়নের সাথে যুক্ত হয়। উদাহরণ: Na ₂ O, KCN, NH ₃ , OH ⁻	বিক্রিয়ার সময় যে যৌগ অক্সাইড আয়ন গ্রহণ করে। উদাহরণ: CaO, CaSO ₄
সীমাবদ্ধতা	(i) অজলীয় দ্রবণে কার্যকর নয় (ii) CuSO ₄ , AlCl ₃ এর জলীয় দ্রবণ অপ্রধানী এবং Na ₂ CO ₃ ক্ষার ধর্মী ব্যাখ্যা করতে পারে না। (iii) CaO, NH ₃ , অ্যামিনের ক্ষারধর্মীতা ব্যাখ্যা করতে পারে না	(i) প্রোটিনীয় তত্ত্ব কখনোই নন প্রোটিনীয় দ্রাবকে যেমন- COCl ₂ , SO ₂ , N ₂ O এর বিক্রিয়া ব্যাখ্যা করতে পারে না (ii) এটা কখনোই এসিডিয় অক্সাইড যেমন- CO ₂ , SO ₂ এবং ক্ষারীয় অক্সাইডের মধ্যে বিক্রিয়া ব্যাখ্যা করতে পারে না। CaO + SO ₃ → CaSO ₄ (iii) BF ₃ , AlCl ₃ এসব যৌগ প্রোটন না থাকা সত্ত্বেও এসিড হিসাবে কাজ করে। যেটা ব্যাখ্যা করতে পারে না।	(i) লুইস তত্ত্ব শুধুমাত্র সন্নিবেশ সমযোজী বন্ধন বিশিষ্ট যৌগের ক্ষেত্রে প্রযোজ্য। (ii) HCl, H ₂ SO ₄ প্রভৃতি যৌগ সন্নিবেশ বন্ধন গঠন করে না। যেটা লুইস তত্ত্ব ব্যাখ্যা করতে পারে না। (iii) লুইস তত্ত্ব এসিড-ক্ষার বিক্রিয়ার ক্ষেত্রে প্রযোজ্য নয়।	সীমাবদ্ধতা নেই	শুধুমাত্র অক্সাইড যুক্ত যৌগের ক্ষেত্রে এ তত্ত্ব প্রযোজ্য।

ব্রনস্টেড লাউরীর মতবাদ অনুসারে NH₃ এবং H₂O হচ্ছে ক্ষারক কিন্তু আরহেনিয়াস মতবাদ অনুসারে এরা ক্ষারক নয়।

☞ **জেনে রাখা ভাল:** এসিড ও ক্ষারকের মূল সাংগঠনিক পার্থক্য একটি প্রোটন।


ITEM-02 লুইস মতবাদ (১৯২৩):

☞ লুইস এসিড: লুইস প্রদত্ত মতবাদ অনুসারে,

- e⁻ গ্রহণে সক্ষম/প্রশম এসিড: BF₃, BCl₃, AlCl₃, FeCl₃, ZnCl₂, B(OH)₃, BeCl₂
- ক্যাটায়নিক লুইস এসিড: Ag⁺, Ca²⁺, Cu²⁺, H⁺, Fe²⁺, Fe³⁺, Zn²⁺, NO₂⁺
- অখাতব অক্সাইড লুইস এসিড: CO₂, SO₂, SO₃

☞ লুইস ক্ষার: লুইস প্রদত্ত মতবাদ অনুসারে,

- মুক্তজোড় বা নিঃসঙ্গ e⁻ বিশিষ্ট বা প্রশম লুইস ক্ষার: NH₃, PH₃, H₂O, S, AsH₃, NH₂-NH₂, Pyridine, R-OH, R-NH₂, Ar-NH₂
- অ্যানায়নিক লুইস ক্ষার: Cl⁻, F⁻, Br⁻, I⁻, CN⁻, OH⁻, SH⁻
- C=C দ্বি-বন্ধন বিশিষ্ট যৌগসমূহ: যেকোনো লুইস এসিড অ্যালকিনে যোগ করলে অ্যালকিনের π ইলেকট্রন ধাতব লুইস এসিড Ag⁺, Cu²⁺, H⁺ পরস্পর যুক্ত হয়ে π জটিল যৌগ গঠন করে, সুতরাং C=C বিশিষ্ট যৌগ লুইস ক্ষারক। উদা: CH₂=CH₂




☞ মনে রাখা উচিত: ○ লুইস এসিডের অষ্টক সংকুচিত থাকে

○ লুইস ক্ষারের অষ্টক প্রসারিত বা মুক্তজোড় ইলেকট্রন থাকে।

ITEM-03 অনুবন্ধী অম্ল ও অনুবন্ধী ক্ষারক:

- কোন অম্ল থেকে একটি প্রোটন অপসারণের ফলে যে ক্ষারক সৃষ্টি হয়, তাকে অম্লের অনুবন্ধী (Conjugate) ক্ষারক বলা হয়। যেমন: HNO₃ এর অনুবন্ধী ক্ষারক হচ্ছে NO₃⁻। অম্ল ⇌ H⁺ + অনুবন্ধী ক্ষারক।
- কোন ক্ষারকের সাথে একটি প্রোটন সংযোগের ফলে সৃষ্ট অম্লকে ঐ ক্ষারের অনুবন্ধী অম্ল বলে। যেমন: NO₃⁻ ক্ষারকের অনুবন্ধী অম্ল হচ্ছে HNO₃। ক্ষারক + H⁺ ⇌ অনুবন্ধী অম্ল।



○ সাম্যাবস্থায় দ্রবণে উপস্থিত দুটি করে অম্ল ও ক্ষারককে পরস্পরের অনুবন্ধী যুগল বলে।

○ CH₃COOH পানির সাথে দুর্বল অম্ল, NH₃ এর সাথে শক্তিশালী অম্ল আর H₂SO₄ এর সাথে ক্ষার হিসাবে ক্রিয়া করে।

□ ব্রনস্টেড লাউরির এসিডের আপেক্ষিক তীব্রতা এবং স্ব-স্ব অনুবন্ধী ক্ষারকের তীব্রতার তুলনামূলক অবস্থান:

শক্তিশালী এসিড	অনুবন্ধী ক্ষারক	দুর্বল ক্ষারক
HClO ₄	ClO ₄ ⁻	
H ₂ SO ₄	HSO ₄ ⁻	
HI	I ⁻	
HBr	Br ⁻	
HCl	Cl ⁻	
HNO ₃	NO ₃ ⁻	
H ₃ O ⁺	H ₂ O	
HSO ₄ ⁻	SO ₄ ²⁻	
H ₂ SO ₃	HSO ₃ ⁻	
H ₃ PO ₄	H ₂ PO ₄ ⁻	
HNO ₂	NO ₂ ⁻	
HF	F ⁻	
CH ₃ -COOH	CH ₃ COO ⁻	
H ₂ CO ₃	HCO ₃ ⁻	
H ₂ S	HS ⁻	
NH ₄ ⁺	NH ₃	
HCN	CN ⁻	
HCO ₃ ⁻	CO ₃ ²⁻	
HS ⁻	S ²⁻	
H ₂ O	OH ⁻	
NH ₃	NH ₂ ⁻	
OH ⁻	O ²⁻	



দুর্বল এসিড শক্তিশালী ক্ষারক

গুরুত্বপূর্ণ

H₃O⁺ এর উপরের সবগুলোই তীব্র এসিড। H₃O⁺ এর নিচের দিকে H₂O পর্যন্ত দুর্বল এসিড। H₂O এর নিচে NH₃ ও OH⁻ এতই দুর্বল যে এ দুটিকে আর এসিড হিসেবেই গণ্য করা হয় না। H₂O এর উপরের সবগুলোই দুর্বল ক্ষার। H₂O থেকে OH⁻ পর্যন্ত ক্ষারের তীব্রতা ক্রমাগত বৃদ্ধি পায়। OH⁻ এর নিচে NH₂⁻ ও O²⁻ খুবই শক্তিশালী ক্ষারক।

☞ **জেনে রাখা ভাল:** যে অম্ল যত বেশি শক্তিশালী, তার অনুবন্ধী ক্ষারক ততবেশী দুর্বল এবং যে ক্ষার যত বেশি শক্তিশালী তার অনুবন্ধী অম্ল ততবেশী দুর্বল।

☞ **ITEM-04** উভধর্মী যৌগ (amphoteric/amphiprotic): যে সব অণু বা আয়ন স্থানভেদে প্রোটন দাতা ও গ্রহীতা উভয় হিসেবেই আচরণ করে তাকে উভধর্মী যৌগ বলে উদাহরণ: পানির উভধর্মিতা ব্যাখ্যা:



বিঃদ্র: H₂O, HS⁻, HCO₃⁻, HSO₄⁻, H₂PO₄⁻, HPO₄²⁻, H₂PO₃⁻, HC₂O₄⁻ সহ সকল H যুক্ত অ্যানায়ন উভধর্মী যৌগ হিসেবে আচরণ করে।

☞ **ITEM-05** অম্ল ও ক্ষারকের শ্রেণীবিভাগ: প্রোটনীয় মতবাদ অনুসারে অম্ল-ক্ষারক তিন শ্রেণীতে বিভক্ত।

☞ **CHART-01** জলীয় দ্রবণে বিভিন্ন ধরণের অম্ল ও ক্ষারকের উদাহরণ:

অম্ল	ক্ষারক
আণবিক অম্ল: HI, HBr, HCl, HF, HNO ₃ , H ₂ SO ₄ , HClO ₄ , H ₃ PO ₄ , H ₂ S, H ₂ O	আণবিক ক্ষারক: NH ₃ , N ₂ H ₄ , NH ₂ OH, Aliphatic Amine, Aromatic Amine, H ₂ O
ক্যাটায়নিক অম্ল: [Al(H ₂ O) _n] ³⁺ , NH ₄ ⁺ , [Fe(H ₂ O) _n] ³⁺ , [Cu(H ₂ O) _n] ²⁺ , H ₃ O ⁺	ক্যাটায়নিক ক্ষারক: [Al(H ₂ O) _{n-1} (OH)] ²⁺ , [Cu(H ₂ O) _{n-1} (OH)] ⁺
অ্যানায়নিক অম্ল: HSO ₄ ⁻ , H ₂ PO ₄ ⁻ , HCO ₃ ⁻ , HS ⁻	অ্যানায়নিক ক্ষারক: I ⁻ , Br ⁻ , Cl ⁻ , F ⁻ , HSO ₄ ⁻ , SO ₄ ²⁻ , HPO ₄ ²⁻ , CN ⁻ , HCO ₃ ⁻ , CO ₃ ²⁻ , OH ⁻ , O ₂ ⁻

☞ **CHART-02** কতগুলো অজলীয় (অপোলার দ্রাবক) ও তাদের প্রকৃতি:

দ্রাবক	স্বভাব	উদাহরণ
প্রোটোজেনিক বা প্রোটন দাতা	প্রোটন ত্যাগ প্রবণতা	HF, H ₂ SO ₄ , CH ₃ COOH, HCOOH, HCN ও C ₆ H ₅ OH
প্রোটোফিলিক বা প্রোটন গ্রাহী	প্রোটন গ্রহণ প্রবণতা	NH ₃ , N ₂ H ₄ , NH ₂ OH & Amines
অ্যাক্সোটেরিক বা প্রোটনের ব্যাপারে উভধর্মী	প্রোটন দান বা গ্রহণ প্রবণতা	H ₂ O, Alcohols, C ₆ H ₆ , CCl ₄ , CHCl ₃
অ্যাম্প্রোটিক বা প্রোটন নিরপেক্ষ	প্রোটন দান বা গ্রহণে উদাসীন	C ₂ H ₄ Cl ₂

ITEM-06 অম্ল ও ক্ষারকত্ব:

ক্ষারকত্ব	অম্লত্ব
কোন এসিডের এক মোল দ্বারা একটি ক্ষারককে প্রশমিত করার ক্ষমতাই ঐ এসিডের ক্ষারকত্ব	কোন ক্ষারকের এক মোল দ্বারা কর্তৃক একটি এসিডকে প্রশমিত করার ক্ষমতাই ঐ ক্ষারকের অম্লত্ব
উদাহরণ: (i) HCl ক্ষারকত্ব 1; $HCl + NaOH = NaCl + H_2O$ (ii) H_2SO_4 ক্ষারকত্ব 2; $H_2SO_4 + 2NaOH = Na_2SO_4 + 2H_2O$ (iii) H_3PO_4 ক্ষারকত্ব 3; $H_3PO_4 + 3NaOH = Na_3PO_4 + 3H_2O$ (iv) CO_2 এর ক্ষারকত্ব 2; $CO_2 + 2NaOH = Na_2CO_3 + H_2O$	উদাহরণ: (i) NaOH এর অম্লত্ব 1; $NaOH + HCl = NaCl + H_2O$ (ii) CaO এর অম্লত্ব 2; $CaO + 2HCl = CaCl_2 + H_2O$ (iii) $Al(OH)_3$ এর অম্লত্ব 3; $Al(OH)_3 + 3HCl = AlCl_3 + 3H_2O$ (iv) Fe_2O_3 এর অম্লত্ব 6; $Fe_2O_3 + 6HCl = 2FeCl_3 + 3H_2O$


SAQ Short Ans. Questions

WRITTEN SUGGESTION

BAQ Broad Ans. Questions

প্রশ্ন-০১ : অনুবন্ধী এসিড ও অনুবন্ধী ক্ষার কী? উদাহরণসহ ব্যাখ্যা কর। [DU: 2022-23]
উত্তর : অনুবন্ধী অম্ল ও অনুবন্ধী ক্ষারক:

- কোন অম্ল থেকে একটি প্রোটিন অপসারণের ফলে যে ক্ষারক সৃষ্টি হয়, তাকে অম্লের অনুবন্ধী (Conjugate) ক্ষারক বলা হয়। যেমন: HNO_3 এর অনুবন্ধী ক্ষারক হচ্ছে NO_3^-
- কোন ক্ষারকের সাথে একটি প্রোটিন সংযোগের ফলে সৃষ্ট অম্লকে ঐ ক্ষারকের অনুবন্ধী অম্ল বলে। যেমন: NO_3^- ক্ষারকের অনুবন্ধী অম্ল হচ্ছে HNO_3



REAL TEST

ANALYSIS OF PREVIOUS YEAR QUESTIONS

DU QUESTION

01. নিচের কোনটি লুইস এসিড?
[DU-Ka.2017-18; JnU.2009-10, BSMRSTU-H. 19-20]
A. HNO_3 B. H_2SO_4 C. $AlCl_3$ D. NH_3
Ans C Analysis লুইস এসিড: লুইস প্রদত্ত মতবাদ অনুসারে, এক জোড়া ইলেকট্রন গ্রহণে সক্ষম পদার্থ মাত্রই এসিড। SO_3 , BF_3 , $AlCl_3$, $FeCl_3$, $ZnCl_2$ এবং সকল ধনাত্মক আয়ন ইত্যাদি।
লুইস ক্ষার: এক জোড়া ইলেকট্রন প্রদানে সক্ষম পদার্থ মাত্রই লুইস ক্ষার। NH_3 , H_2O , CH_3-NH_2 , Pyridine ইত্যাদি।

02. নিচের কোনটি অসত্য? [DU. 2012-13]
A. NH_4^+ is the conjugate acid of base NH_3
B. NH_3 and H_2O are conjugate pair
C. OH^- is the conjugate base of acid H_2O
D. OH^- and H_2O are conjugate pair
Ans B Analysis অনুবন্ধী অম্ল বা ক্ষারক পারস্পরিক রূপান্তরের ক্ষেত্রে উপরের চারটি অপশনের মধ্যে B অপশনে কোন আয়ন বা চার্জ নেই। তাই এটি অনুবন্ধী এসিড বা ক্ষার নয়।

JU QUESTION

01. কোনটি উভধর্মীতা প্রদর্শন করে? [JU-A, Set-G: 2022-23]
A. HCl B. NaOH C. NH_3 D. CH_3COOH
Ans D Analysis CH_3COOH এসিড রূপে:
 $CH_3COOH + H_2O = CH_3COO^- + H_3O^+$
(এসিড) (ক্ষারক) (ক্ষারক) (এসিড)
• CH_3COOH ক্ষারক রূপে:
 $CH_3COOH + H_2SO_4 = H_2SO_4^- + CH_3COOH_2^+$
(ক্ষারক) (এসিড) (ক্ষারক) (এসিড)
02. $HNO_3 + 2H_2SO_4 = H_3O^+ + NO_2^+ + 2HSO_4^-$ এই বিক্রিয়ায় HNO_3 কি? [JU-A, Set-H: 2022-23]
A. ক্ষারক B. অম্ল C. উভধর্মী D. কোনোটিই নয়

Ans A Analysis ক্ষারক হলো যারা প্রোটিন গ্রহণ করে এবং অম্ল হলো যারা প্রোটিন ত্যাগ করে। HNO_3 , H_2SO_4 থেকে ১টি প্রোটিন গ্রহণ করে অনুবন্ধী এসিডে ($O_2N-\dot{O}H$) পরিণত হয়। পরে এটি বিয়োজিত হয়ে, NO_2 এ পরিণত হয়। তাই এখানে HNO_3 ক্ষারক।
03. $H_2CO_3 + H_2O \rightleftharpoons HCO_3^- + H_3O^+$ এই বিক্রিয়ায় কার্বনিক এসিডের অনুবন্ধী ক্ষারক কোনটি? [JU-A, Set-R: 2022-23]
A. H_2O B. HCO_3^- C. H_3O^+ D. CO_3^{2-}

Ans B Analysis কোন অম্ল থেকে একটি প্রোটিন অপসারণের ফলে যে ক্ষারক সৃষ্টি হয় তাকে ঐ অম্লের অনুবন্ধী ক্ষারক বলে। তাই কার্বনিক এসিডের অনুবন্ধী ক্ষারক HCO_3^- ।
04. ক্ষারকের তীব্রতার ক্রম অনুযায়ী কোনটি সঠিক? [JU-D, Set-P. 2021-22]
A. $ClO_4^- > CO_3^{2-} > HCO_3^-$ B. $OH^- > HS^- > H_2O$
C. $HSO_4^- > HSO_3^- > SO_4^{2-}$ D. $NO_3^- > NO_2^- > NH_3$

Ans B Analysis এসিড যতো তীব্র হয়, তার প্রোটিন ত্যাগের প্রবণতাও ততো বেশি হয়। তখন এসিডের অনুবন্ধী ক্ষারকটির প্রোটিনের সাথে যুক্ত হওয়ার প্রবণতা খুব কম হয়। অর্থাৎ এটি মৃদু ক্ষারধর্মী হয়। বিপরীতভাবে মৃদু এসিডের প্রোটিন ত্যাগের প্রবণতা কম হওয়ায় মৃদু এসিডের অনুবন্ধী ক্ষারকের প্রোটিনের সাথে যুক্ত হওয়ায় প্রবণতা বেশি হয়। ফলে এটি তীব্র ক্ষারধর্মী হয়। তাই তীব্র এসিডের অনুবন্ধী ক্ষারক মৃদু হয় এবং মৃদু এসিডের অনুবন্ধী ক্ষারক তীব্র হয়। বিপরীতভাবে তীব্র ক্ষারকের অনুবন্ধী এসিড মৃদু হয় এবং মৃদু ক্ষারকের অনুবন্ধী এসিড তীব্র হয়। অনুবন্ধী ক্ষারকের তীব্রতার নিম্ন হতে উচ্চক্রম হলো:
 $ClO_4^- < HSO_4^- < \Gamma^- < Br^- < Cl^- < NO_3^- < H_2O < SO_4^{2-} < H_2PO_4^- < NO_2^- < CH_3-COO^- < HCO_3^- < HS^- < NH_3 < CN^- < OH^- < NH_2^-$

05. কোন বিবৃতিটি সঠিক নয়? [JU-D, Set-F. 2021-22]
A. ব্রনস্টেড-লাউরি তত্ত্বে ক্ষারকের সংখ্যা বৃদ্ধি পায়
B. অনুবন্ধী অম্লে ক্ষারকের চেয়ে 1টি H^+ বেশি থাকে
C. লুইস তত্ত্বে এসিডের সংখ্যা বৃদ্ধি পায়
D. সব লুইস এসিড হলো ব্রনস্টেড লাউরি এসিড
